কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বর্ষ ৪২ সংখ্যা ২১ কলকাতা বুধবার, ২২ ডিসেম্বর ২০২১/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ৬ পৌষ ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

গ্র্যাজুয়েট যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার চাকরি
বিস্তারিত খবর
...পৃঃ ৮

# রাজ্য বিদ্যুৎ সংস্থায় ৪১৪

## জুনিয়র ইঞ্জিনিয়ার ও জুনিয়র এক্সিকিউটিভ

জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)-গ্রেড টু এবং জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স) পদে ৪১৪ জনকে নেবে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি। প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: REC/2021/04.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ০২: জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল)-গ্রেড টু: ৪০০টি (সাধারণ ১১৯, সাধারণ-ই সি ৬২, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১৬, সাধারণ-দক্ষ খেলোয়াড় ৮, সাধারণ-দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ৪, সাধারণ-শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ৪, সাধারণ-বৌদ্ধিক প্রতিবন্ধী ৪, তফসিলি জাতি ৫০, তফসিলি জাতি-ই সি ২৮, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ৮, তফসিলি জাতি-চলাফেরায় অসুবিধা আছে এমন প্রতিবন্ধী ৪, তফসিলি উপজাতি ১৭, তফসিলি উপজাতি-ই সি ৮, ও বি সি-এ ২৭, ও বি সি-এ-ই সি ১২, ও বি সি-বি ২০, ও বি সি-বি-ই সি ৯)। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। বেতনক্রম: ৩৬,৮০০-১,০৬,৭০০ টাকা।

পোস্ট কোড ০১: জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স): ১৪টি (সাধারণ ১, সাধারণ-দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৪, তফসিলি জাতি-ই সি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ২, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি-ই সি ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে লজিস্টিক্স বা মেটেরিয়ালস ম্যানেজমেন্ট বা লজিস্টিক্স অ্যান্ড মেটেরিয়ালস ম্যানেজমেন্ট বা সাপ্লাই

এরপর তিনের পাতায়

# ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চে ৬৪১ টেকনিশিয়ান

৬৪১ জন টেকনিশিয়ান নেবে ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট। এটি কেন্দ্রীয় সরকারের ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চের অধীনস্থ একটি সংস্থা। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। প্রথমে ১ বছরের ট্রেনিং। তবে কর্তৃপক্ষ মনে করলে ট্রেনিংয়ের মেয়াদ আরও ৬ মাস বৃদ্ধি করতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1-1-1/2021/Rectt. Cell/Technical (CBT).

শূন্যপদের বিন্যাস: সাধারণ ২৮৬, তফসিলি জাতি ৯৩, তফসিলি উপজাতি ৬৮, ও বি সি ১৩৩, আর্থিক ভাবে অনগ্রসর ৬১। এর মধ্যে ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ৮টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মাধ্যমিক বা সমতুল।

বয়স: ১০-১-২০২২ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

এরপর তিনের পাতায়

# ই সি আই এলে ৩০০ অফিসার

টেকনিক্যাল অফিসার পদে ৩০০ জনকে নেবে ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অব ইন্ডিয়া। প্রাথমিক ভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে ইলেক্ট্রনিক ম্যানুফ্যাকচারিং সার্ভিসেস ডিভিশন-সহ সংস্থার অন্যান্য ডিভিশন এবং সাইটে। চুক্তির মেয়াদ সর্বাধিক ৫ বছর পর্যন্ত বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 39/2021.

মোট শূন্যপদ: ৩০০টি (সাধারণ ১৩৬, তফসিলি জাতি ৫০, তফসিলি উপজাতি ২২, ও বি সি ৭৭, আর্থিক ভাবে অনগ্রসর ১৫)।

এরপর তিনের পাতায়

# ই এস আইয়ে ১১২০

## ইনশিওরেন্স মেডিক্যাল অফিসার

ইনশিওরেন্স মেডিক্যাল অফিসার গ্রেড-টু (অ্যালোপ্যাথিক) পদে ১,১২০ জনকে নেবে এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশন। সংশ্লিষ্ট সংস্থার অধীনস্থ বিভিন্ন হাসপাতাল ও ডিসপেন্সারিতে নিয়োগ করা হবে।

মোট শূন্যপদ: ১,১২০টি (সাধারণ ৪৫৯, তফসিলি জাতি ১৫৮, তফসিলি উপজাতি ৮৮, ও বি সি ৩০৩, আর্থিক ভাবে অনগ্রসর ১১২)। এর মধ্যে ৯০টি শূন্যপদ প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস পাশ, সঙ্গে বাধ্যতামূলক রোটেটিং ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। বাধ্যতামূলক রোটেটিং ইন্টার্নশিপ সম্পূর্ণ না করে থাকলেও শর্তসাপেক্ষে আবেদন করা যাবে। বয়স: ৩১-১-২০২২ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ২০০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি সেকশনে। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সেকশন-ওয়ানে থাকবে জেনারেল

এরপর তিনের পাতায়

# কোস্টগার্ডে ৩২২

## নাবিক ও যান্ত্রিক

ট্রেনিং দিয়ে নাবিক ও যান্ত্রিক পদে ৩২২ জন তরুণকে নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। নাবিক নিয়োগ করা হবে জেনারেল ডিউটি ও ডোমেস্টিক ব্রাঞ্চে এবং যান্ত্রিক নিয়োগ করা হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স শাখায়। শুধুমাত্র ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০২/২০২২ ব্যাচে।

শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: নাবিক (জেনারেল ডিউটি): শূন্যপদ ২৬০টি (সাধারণ ১১২, তফসিলি জাতি ৩৭, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৭২, আর্থিক ভাবে অনগ্রসর ২৮)। শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফিজিক্স ও অঙ্ক দু'টি বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল।

এরপর তিনের পাতায়

# উপার্জনের পথ দেখাচ্ছে বিভিন্ন স্বাদের হোমমেড চকোলেট

সব বয়সের পছন্দের খাবার চকোলেট। তাই চকোলেটের বাজার সব মরশুমেই ভালো। এখন সেখানেই নামী ব্র্যান্ডের সঙ্গে পাল্লা দিচ্ছে হোমমেড চকোলেট। ঘরোয়া ভাবে তৈরি এই চকোলেটের স্বাদে আছে বৈচিত্র, মনোমতো আকারে তৈরি করা যায়, গুণমানের ব্যাপারেও থাকা যায় নিশ্চিন্ত। চকোলেট তৈরি করে উপার্জন করতে পারেন আপনিও।



**নিজস্ব প্রতিনিধি:** শুধু ছোটরা নয়, চকোলেট ভালোবাসেন সব বয়সের মানুষ। সারা বছর ধরে যে-কোনও আনন্দ-উৎসবে উপহার হিসাবে দেওয়ার জন্যও চকোলেটের জুড়ি নেই। আর এখানেই বড় এবং আন্তর্জাতিক সংস্থার তৈরি চকোলেটের পাশে জায়গা করে নিয়েছে হোমমেড চকোলেট। ইচ্ছেমতো আকারে, পছন্দসই উপকরণ দিয়ে তৈরি করে নেওয়ার সুবিধা থাকায় উপহারে হোমমেড চকোলেট দেওয়ার প্রবণতা বেড়েছে।

তাছাড়া, গুণে ও মানে হোমমেড চকোলেট নামী ব্র্যান্ডের তুলনায় কোনও অংশে কম নয়। আজকাল কেক-বেকারির দোকানেও হোমমেড চকোলেট পাওয়া যায় ছোট থেকে বড়, নানা আকারে। চাহিদা বাড়ায় শাড়ি-জামাকাপড়ের বুটিক থেকে শুরু করে হস্তশিল্প মেলা— সর্বত্রই হোমমেড চকোলেটের উপস্থিতি দেখা যাচ্ছে।

হোমমেড চকোলেট ক্রেতার সমাদর পাওয়ায় অনেকেই এখন ঘরে বসে চকোলেট বানিয়ে উপার্জন করছেন। শুধু শহরে নয়, মফসসল এলাকাতেও অনেকেই হোমমেড চকোলেট তৈরি করে প্রতিষ্ঠিত ও পরিচিত। লোকমুখে প্রচার তো আছেই, এখন সোশ্যাল মিডিয়ার দৌলতে অনেক বেশি ক্রেতার কাছে পৌঁছে যাওয়ার সুবিধাও আছে। নিজেদের চেনা গণ্ডির বাইরে থেকে অর্ডার পাওয়াও তাই খুব অস্বাভাবিক নয় আর। অর্ডারের জিনিস ক্রেতার হাতে তুলে দেওয়ার জন্য পেশাদার ক্যুরিয়ার সংস্থাগুলি তো আছেই।

তবে এই ব্যবসা করতে গেলে, কাজটি জানতে হবে, সেইসঙ্গে নিজস্ব উদ্ভাবনী দক্ষতাও থাকতে হবে পূর্ণ মাত্রায়। অভিনব আকার বা নতুন ধরনের উপকরণের ব্যবহার ক্রেতাকে

এরপর পাঁচের পাতায়

শীঘ্রই প্রকাশিত হচ্ছে




jobindiagroup.com

# কর্মক্ষেত্র
## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

Top MNC-তে ট্রেনিং ও মেটিভেশনের জন্য ফুল টাইম/Flexi টাইমে উচ্চপদে নিয়োগ। High income Inc. Retired/ VRS/গৃহবধূ স্বাগত। WhatsApp: 84200-06457.

□

৬ মাসে ইন্টিরিয়র (CAD/MAX/ VRAY) গ্রাফিক্স, জুয়েলারি ডিজাইন, 2D & 3D Animation শিখে নিশ্চিত কাজের সুযোগ, AHT (বালি/টালিগঞ্জ/বেহালা/ কাড়াগ্রাম) 92315-06999.

□

Skill Hut, ISO 9001:2015, Web Solutions company needs proficient PHP Programmers, B.Tech/MCA preferred. Apply to info@skillhut.com

□

Civil কাজ জানা (7-8 yrs) অভিজ্ঞ, 12 পাস Site Supervisor চাই। Email: hitech.cons@yahoo.com

□

Looking for a Digital Marketer (Ads Manager) for an ecommerce website. Ph: 91631-81032. Salary up to 1 lac. Location Bagha Jatin.

□

Gramin Rojgar Kalyan Sansthan is recruiting for various posts. Applications are being invited for West Bengal. visit www.grks.org for details.

□

Wanted experienced candidate in House keeping supervision, for Guest houses and Ceremonial houses all over West Bengal, Send Bio Data with salary expected to careerandinfo@gmail.com

□

উত্তরবঙ্গ সংবাদ শিলিগুড়ি নিউজ ডেস্কের জন্য সিনিয়র এবং জুনিয়র সাংবাদিক চাইছে। প্রিন্ট মিডিয়ায় পূর্ব অভিজ্ঞতা বাঞ্ছনীয়। ফ্রি মেস। আবেদন করুন: jobs.uttarbanga@gmail.com

□

দক্ষ Latheman ও Crankshaft Grinding Machine Operator প্রয়োজন। স্থায়ী কাজ ও সমস্ত রকমের সুবিধা আছে। 91630-82082 (সকাল ৯টা-বিকাল ৫টা)।

□

Fairdeal International requires Asst. Accountant. Walk in interview on 20th to 22nd Dec. from 4pm to 7pm at 1, Sourin Roy Road, Behala Tram Depot-98365-82244.

□

Sales Executive required for travel company. Male/Female, Kolkata. Contact: 99038-82300.

□

শ্রীরামপুরে শাড়ি কারখানায় কম্পিউটার এমব্রয়ডারি মেশিন অপারেটর/হেল্পার প্রয়োজন, অভিজ্ঞতা ১ থেকে ২ বছর, ফোন নম্বর: 96747-39953.

□

George Telegraph requires teachers for the following courses Health Care Dept: 1) General Duty Assistant (Advanced) for its centre at a) Liluah b) Sealdah c) Behala d) Serampore e) Siliguri. Eligibility: 1) M.SC Nursing with 1 Year experience or GNM with 3 Years experience 2) Home Health Aids for its centre at a) Midnapore b) Siliguri. Eligibility: B.Sc. Nursing with 2 Years experience BHMS with 1 Year clinical experience in patient care mandatory Automobile Dept. 3) Motor Driving Trainer for its centre at Barasat. Eligibility 12th Pass/ ITI/ ASDC certified Apply to: hr@george-telegraph.org

□

### কর্মখালি

শ্রীরামপুরে শাড়ি প্রিন্টিং কারখানায় স্ক্রিন প্রিন্টার প্রয়োজন, অভিজ্ঞতা ১ থেকে ২ বছর, ফোন নম্বর: 96747-39953.

□

রাজারহাট রাইগাছিতে Advanced Beauty Salon এবং Naturopathy Centre-এ কাজের জন্য বিভিন্ন পদে পুরুষ ও মহিলা চাই। 98740-22261/ 98367-99006.

□

টেলিকম 4G কোং SMS/জব পুরুষ/ মহিলা ঘরে বসে রোজগার 18000-45000/- মাসে ল্যাপটপ+মোবাইল ফ্রি। নাম+ঠিকানা Call/ WApp/SMS 98317-71154, 98317-72379.

□

সম্মানীয় পদে VRS/Retired-দের জন্য পার্টটাইম Manager-পদে অফিস জব। Age 50-62 HS+ আয় 45K. Retd-রা বিশেষ সুযোগ পাবেন। Mrs. মুখার্জি: 62901-77413.

□

কোলকাতার Household Products-এর নামী কোম্পানির জন্য Sales Boy/ Sales Girl (City/District Wise) আবশ্যক। নির্দিষ্ট বেতন+কমিশন। সত্বর যোগাযোগ: 033-35526046/ 87770-45307, Mail Id: info@mastercleaning.in

□

GDA Trainer Required Qualification: B.Sc (Nursing) 1 Year Experience or GNM 3 Years Experience. Contact: 99330-97818/84200-33286. Keertika Academy-Kolkata.

□

Reqd. Video Editor (M/F), Anchor Female (Beng, Hindi Assamese), Cameraman for an upcoming channel. Whatsapp CV: 98316-96770/98313-96770.

□

George Telegraph's GSCE requires faculty (zone-wise) for competitive exams. Subjects: Math, English, GI, Economics, Biology, Polity, GK/CA. Walk in interview at 136, B B Ganguly St. Kol-12 from 22 to 24th Dec (12-3pm). Email: gscesdh@gmail.com

□

দিল্লি/মুম্বইতে আয়া পেসেন্ট/বেবি কেয়ার, জাপা, বাড়ির কাজে মহিলা, চাই। 15K-25K. জয়া সেন্টার। 70114-56402, 93301-59570, 78275-52870, 72919-85085.

□

Reqd. Sales Supervisor for Qatar Hyper Market. Grocery background preferable. Interview 22/12 @Green Hotel. Call: 98317-62297.

□

জেলাভিত্তিক সরাসরি চাকরি। নামসই-স্নাতক, স্টোরকিপার/S.V/অফিস ইনচার্জ ব্যাক অফিস/লেবার/পিয়ন পদে Male/female চাই। বেতন 16.5K-22.5K, M: 82749-53546.

□

সর্বভারতীয় সংস্থায় কলির অফিসে ম্যানেজার নিয়োগ। Govt.- Retd/VRS (ডিফেন্স, BSF, BSNL, শিক্ষক, ব্যাঙ্ক, রেল)। আয় 30-50k+Inc. তাপস রায়: 79803-35924.

□

ব্যাঙ্ক DSA-তে চাকুরি বিনা ডোনেশনে। S.V. ক্লার্ক পিওন ম্যানেজার পদে কর্মী নিয়োগ। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 14K-60K. PF, ESI, বোনাস। M: 94324-21056.

□

দক্ষিণ কলকাতায় থাকা খাওয়া সমেত নিম্নলিখিত পদের লোক চাই। ১) রান্নার কাজ জানা পুরুষ/মহিলা, ২) পুরুষ ড্রাইভার, ৩) বাড়ির অন্যান্য কাজের জন্য পুরুষ, ৪) English Medium-এ পড়া Class -2 Student-এর জন্য গভর্নেস চাই। সত্বর যোগাযোগ: 98300-72235.

□

### কর্মখালি

মেট্রো ও এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন পদে ছেলে/মেয়ে কর্মী চাই। ৮ম-স্নাতক, বেতন: 18K-49K থাকা-খাওয়া ও যাতায়াত ফ্রি। এক্স আর্মিদের সুবিধা আছে। 84361-78589.

□

MNC হিন্দুস্তান লিভার, অন্নপূর্ণা, ডাবর, ব্রিটানিয়া কুরকুরে, থার্মকল, চিপস কোম্পানিতে 40 জন male/female চাই। PF+ESI+OT, বেতন 13k-45k. 70446-88993.

□

বেহালা অফিসে বাংলা হিন্দি ইংরেজি জানা 20-30 মধ্যে স্মার্ট মহিলা রিসেপসনিস্ট/H.S পাস ২ জন পুরুষ সেলসম্যান ও টেলিকলিং-এ ২ জন গ্রাজুয়েট মহিলা চাই: 89817-76311.

□

কলকাতা-সহ সারা ভারতে 24 ঘন্টা থেকে আয়া রান্না বাচ্চা/পেসেন্ট দেখা ও ঘরোয়া কাজে মেয়ে চাই। 9-60,000/- থাকা+ খাওয়া। 70591-66264/90515-22914.

□




পশ্চিমবঙ্গের প্রখ্যাত মেডিকেল (NEET) কোচিং প্রতিষ্ঠানে ন্যূনতম স্নাতক পাশ, স্মার্ট, সুদর্শনা এবং দক্ষ মহিলা Academic Coordinator চাই। Fresher can apply. কলকাতা অগ্রগণ্য। অতি সত্বর নিয়োগ। আকর্ষণীয় বেতন। অফিস: Shakespeare Sarani-তে। টেলিফোনিক ইন্টারভিউ-এর জন্য ফোন করুন: 98300-23894 (10am-6pm).

□

Pvt ব্রিটানিয়া আশীর্বাদ Pepsi ফরচুন DSA-তে ম্যানেজার TC/Peon রিসেপসনিস্ট, স্টোরকিপার 30 male/ female নিয়োগ। ESI+PF+OT, বেতন: 13k-40k. 89614-99989

□

Wanted Executive Engineer (Mech.) with Autocad NDT knowledge for production department. Candidate with min 5 yrs. experience may apply to: bvpd87@gmail.com

□

Top MNC Req for Managerial post M/F Retd. VRS (Prefrd PSU Sector) Housewife, Business Owner HS, Age-25-75, Salary+PF+Inc. 89101-83559.

□

A FMCG group requires H.S (Science/Arts/Commerce) age below 30 yrs. Apply within 10 days to email: factoryhr23@gmail.com

□

Urgently required direct company 1) Sales & Marketing Executive Male/Female, 2) Pocket Area Distributor. Call: 74391-27635/ 82405-58437.

□

An (ISO 9001-2015) PVC Pipe Co. Required Sales Executive at Madhyamgram. Call: 91639-20300 & 91630-66535 (10am-6pm).

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৪ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

৫ জানুয়ারি কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩১ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**

রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

### কর্মখালি

ESPY Security-তে অভিজ্ঞ মার্কেটিং, অপারেশন, সিকিউরিটি গার্ড, সুপারভাইজার, অফিসে কম্পিউটার অভিজ্ঞ মহিলা চাই। Ph: 96744-13333/84200-40009.

□

Wanted Mechanical Engineer, Computer Operator and Accountant. Write immediately to fairmantk@gmail.com

□

CA Firm near Central Metro Station reqd. experienced Staff for HR, I-Tax, GST, TDS, NGO. Contact: 98316-17734, pratap.ca@gmail.com

□

তিনজনের সংসারে পিছুটানহীন কাজের মহিলা ২৪ ঘন্টার জন্য চাই। বয়স ৩৫ ঊর্ধ্বে, স্থান: গড়িয়া। M: 83349-16100.

□

অসহায় পিছুটানহীন কর্মঠ ৩৫ বয়সের মধ্যে মহিলা ২৪ ঘন্টার জন্য ৫ জন সদস্যের সংসারে থেকে সারা জীবনের জন্য যাবতীয় কাজকর্ম করতে ইচ্ছুক হলে সত্বর যোগাযোগ করুন। বেতন: 12000/-, খাওয়া-থাকা ফ্রি। M: 90515-12783.

□

Reqd Female candidate for Sales Marketing. Excellent communications skills, Graduate. Reputed Jewellery Co. Email: resumesg21@gmail.com/ M: 82400-32342.

□

Kol based ISO software company reqd Programmers on PHP, Bootstrap and backend My Sql, Oracle, Maria DB. Salary no bar+EPF & ESIC benefits. Send CV mail2spectra@yahoo.com

□

A Pvt. Ltd. Medical Store requires Asst. Accountant cum Data Operator with Graduate - 3yrs. exp. near PG Hospital. Post CV adhikari.krishna25@gmail.com

□

Books.Com/ বাড়ি বসে হাতে লিখে/ Comp. টাইপ করে/হাতে ফর্ম ফিলাপ করে প্রতি সপ্তাহে 6000/- মাসে 30000/- গ্যারান্টি আয় করুন। 85840-78118, 89024-48939.

□

অবিলম্বে বিশেষায়িত নন-লৌহঘটিত কাস্টিংয়ের জন্য রসায়নবিদ/ধাতুবিদ প্রয়োজন। স্থান: কলকাতা, যোগাযোগ ব্যক্তি: রোহিত রাঠি, M.No.: 86977-13338.

□

### কর্মখালি

**Airport ও ব্যাঙ্কে 5 দিনে স্পট জয়েনিং**

গভঃ স্বীকৃত বিনা ডোনেশনে অষ্টম/স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 18,700/- – 48,300/-, থাকা খাওয়া ফ্রী। M: 97336-93202.

□

**Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট জব Govt. Reg. No-6987**

কোনও ডোনেশন ছাড়াই Airport ও ব্যাঙ্কে অষ্টম/স্নাতক M/F কর্মী চাই। বেতন: 16,700/- – 49,400/-, থাকা খাওয়া ফ্রী। M: 95936-34587.

□

**জেলাভিত্তিক স্থায়ী কাজ**

প্রতিটি জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্র, ATM, টাওয়ার Co, ফ্যাক্টরি, অফিস, শপিংমলে কর্মী নিয়োগ। (বেতন: 12,500/- – 22,500/-), M: 90515-60042.

□

**ফোন করলেই চাকরি**

Govt. R-No.- 5783 বিনা ডোনেশনে Airport ও Bank (DSA)-তে অষ্টম /স্নাতক M/F 278 জন কর্মী নিচ্ছে। বেতন: 17,400/- – 42,900/-, থাকা খাওয়া ফ্রী। Ex-আর্মি বিশেষ সুবিধা। M: 97337-51641.

□

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**

W.B L/C No. Kol-50W85, পঃবাংলার বিভিন্ন প্রান্তে Pvt. Bank-এ Back Office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন: 18,500/- – 34,700/-, ছুটি, বোনাস, ESI, PF. এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Help: 886974-10492.

□

**জাহাজ ও ডকে চাকরি**

W.B Kol L/C No. WBKol-70N65 পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F নিয়োগ করানো হচ্ছে। Salary: 21,750/- – 36,500/-, থাকা, খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF. এছাড়া 4 মাস 15 দিন কাজ করার পর 23 দিনের ছুটি with Salary, পোস্টিং এরিয়া পঃবাংলার বিভিন্ন প্রান্তে। Help: 83273-29779.

□

শীঘ্র জল, বিস্কুট, চিপস, মেডিসিন, থার্মোকল Co-তে M/F চাই। থাকা ও খাওয়া ফ্রী। বেতন: 12K-18K, M: 90731-95360.

□

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

## ইরকনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও এক্সিকিউটিভ

সিভিল শাখায় ৩২ জন অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার ও এক্সিকিউটিভ নেবে ইরকন ইন্টারন্যাশনাল। এটি কেন্দ্রের রেল মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৮/২০২১।

**অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার /সিভিল (ই-১):** শূন্যপদ ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **এক্সিকিউটিভ /সিভিল (ই-০):** শূন্যপদ: ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**বয়স:** ১-১২-২০২১ তারিখে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে এবং এক্সিকিউটিভ পদের ক্ষেত্রে ৩৩ বছরের মধ্যে হতে হবে।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। শিক্ষাগত যোগ্যতা, আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা ২৫ ডিসেম্বর থেকে নজর রাখুন এই ওয়েবসাইটে: www.ircon.org

## দীনদয়াল পোর্ট ট্রাস্টে ১১৬ অ্যাপ্রেন্টিস

১১৬ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে দীনদয়াল পোর্ট ট্রাস্ট। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর থেকে ১ বছর তিন মাস। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর ML/PS/1503-A(21) Dt. 12/12/ 2021.

**আসনসংখ্যার বিবরণ: ট্রেড অ্যাপ্রেন্টিস:** ফিটার ৪টি, ড্রাফটসম্যান (সিভিল) ৪টি, মেকানিক ডিজেল ৪টি, ইলেক্ট্রিশিয়ান ৫টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ও প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ১৫টি, ওয়্যারম্যান ৫টি, টার্নার ৩টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৩টি, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক ২টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে ১ বা ২ বছর মেয়াদের আই টি আই কোর্স পাশ। স্টাইপেন্ড: ১ বছর মেয়াদের আই টি আই পাশ প্রার্থীদের ক্ষেত্রে প্রতি মাসে ৭,৭০০ টাকা, ২ বছর মেয়াদের আই টি আই পাশ প্রার্থীদের ক্ষেত্রে প্রতি মাসে ৮,০৫০ টাকা।

**সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট:** ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: বি এ বা বি এসসি বা বি কম। স্টাইপেন্ড: প্রতি মাসে ৯,০০০ টাকা।

**ইঞ্জিনিয়ারিং শাখা:** মেকানিক্যাল: ডিপ্লোমা ৮টি, ডিগ্রি ৮টি। ইলেক্ট্রিক্যাল: ডিপ্লোমা ৮টি, ডিগ্রি ৮টি। সিভিল: ডিপ্লোমা ৮টি, ডিগ্রি ৮টি। ইলেক্ট্রনিক্স/ কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেশন টেকনোলজি: ডিপ্লোমা ৪টি, ডিগ্রি ৪টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা। স্টাইপেন্ড: ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে প্রতি মাসে ৮,০০০ টাকা এবং ডিগ্রিধারীদের ক্ষেত্রে প্রতি মাসে ৯,০০০ টাকা।

**বয়স:** উপরোক্ত সবক'টি ক্ষেত্রে ৩০-১১-২০২১ তারিখে ১৮ বছরের মধ্যে হতে হবে।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

মনে রাখবেন, ২০১৮-র আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকলে আবেদন করবেন না।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে, ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটে: https://apprenticeshipindia.org এবং ডিপ্লোমা ও ডিগ্রি ইঞ্জিনিয়ারিং অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://mhrdnats.gov.in এরপর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.deendayalport.gov.in আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইট।

lohiriagroup.com

# কোস্টগার্ডে ৩২২ নাবিক ও যান্ত্রিক

প্রথম পাতার পর

নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ): শূন্যপদ ৩৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক বা সমতুল।

যান্ত্রিক (মেকানিক্যাল): শূন্যপদ ১৩টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে এ আই সি টি ই স্বীকৃত ৩-৪ বছর মেয়াদের ডিপ্লোমা। অথবা উচ্চমাধ্যমিক-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে এ আই সি টি ই স্বীকৃত ২-৩ বছর মেয়াদের ডিপ্লোমা। এ ছাড়া মেরিন ইঞ্জিনিয়ারিং, মেরিন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সিস্টেমস, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রিপেয়ার অ্যান্ড মেইন্টেন্যান্স), প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, শিপ বিল্ডিং ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি বিষয়ে ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে।

যান্ত্রিক (ইলেক্ট্রিক্যাল): শূন্যপদ ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে এ আই সি টি ই স্বীকৃত ৩-৪ বছর মেয়াদের ডিপ্লোমা। অথবা উচ্চমাধ্যমিক-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে এ আই সি টি ই স্বীকৃত ২-৩ বছর মেয়াদের ডিপ্লোমা। এ ছাড়া ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স (পাওয়ার সিস্টেম), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল), ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি বিষয়ে ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে।

যান্ত্রিক (ইলেক্ট্রনিক্স): শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক-সহ ইলেক্ট্রনিক্স বা টেলিকমিউনিকেশন (রেডিও/পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ে এ আই সি টি ই স্বীকৃত ৩-৪ বছর মেয়াদের ডিপ্লোমা। অথবা উচ্চমাধ্যমিক-সহ ইলেক্ট্রনিক্স বা টেলিকমিউনিকেশন (রেডিও/পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ে এ আই সি টি ই স্বীকৃত ২-৩ বছর মেয়াদের ডিপ্লোমা। এ ছাড়া অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স (ফাইবার অপটিক্স), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি বিষয়ে ডিপ্লোমা থাকলেও আবেদন করা যাবে।

**জন্মতারিখ:** নাবিক (জেনারেল ডিউটি) ও যান্ত্রিক পদের ক্ষেত্রে ১-৮-২০০০ থেকে ৩১-৭-২০০৪-এর মধ্যে হতে হবে। নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) পদের ক্ষেত্রে ১-১০-২০০০ থেকে ৩০-৯-২০০৪-এর মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। মেধার ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের বাছাই প্রক্রিয়া চলবে মার্চ থেকে অক্টোবর মাস পর্যন্ত।

লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ম্যাথস (২০ নম্বর), সায়েন্স (১০ নম্বর), ইংলিশ (১৫ নম্বর), রিজনিং (১০ নম্বর), জেনারেল নলেজ (৫ নম্বর) বিষয়ে। এছাড়া জেনারেল ডিউটি শাখার ক্ষেত্রে অঙ্ক ও ফিজিক্স বিষয়ে ৫০ নম্বরের এবং যান্ত্রিক পদের ক্ষেত্রে শাখা অনুসারে ৫০ নম্বরের প্রশ্ন হবে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে: ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ, ১০টি পুশ আপ।

নাবিক (জেনারেল ডিউটি) ও যান্ত্রিক পদের ক্ষেত্রে ট্রেনিং শুরু হবে অগস্ট মাসে এবং নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) পদের ক্ষেত্রে ট্রেনিং শুরু হবে অক্টোবর মাসে, আই এন এস চিল্কায়।

**শুরুতে বেতন:** নাবিক পদের ক্ষেত্রে ২১,৭০০ টাকা। যান্ত্রিক পদের ক্ষেত্রে ২৯,২০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। প্রধান অধিকারী বা প্রধান সহায়ক ইঞ্জিনিয়ার র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://joinindiancoastguard.cdac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ৪ থেকে ১৪ জানুয়ারি পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে।

অনলাইনে এক্সামিনেশন ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইউ পি আইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলিদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্য বিদ্যুৎ সংস্থায় ৪১৪

## জুনিয়র ইঞ্জিনিয়ার ও জুনিয়র এক্সিকিউটিভ

প্রথম পাতার পর

চেইন ম্যানেজমেন্ট বা সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিক্সে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা অথবা লজিস্টিক্স বা সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট বা মেটেরিয়ালস ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ বিজনেস ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা। বেতনক্রম: ৩৭,৪০০-১,০৮,২০০ টাকা।

বয়স: ১-১-২০২১ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। পশ্চিমবঙ্গের সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

উপরোক্ত দু'টি পদের ক্ষেত্রেই বাংলায় (প্রযোজ্য ক্ষেত্রে নেপালি) লিখতে, পড়তে ও বলতে জানতে হবে।

দক্ষ খেলোয়াড় নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: ফুটবল, ক্রিকেট, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন ও টেবল টেনিস। এ ক্ষেত্রে প্রার্থীকে আন্তর্জাতিক বা জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় বা জাতীয় স্কুল গেমস প্রতিযোগিতায় অংশ নিয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। সবশেষে নেওয়া হবে মেডিক্যাল টেস্ট। ১০০ নম্বরের পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড, ইংরেজি ও বাংলা বা নেপালি এবং সংশ্লিষ্ট বিষয়ে। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbsetcl.in. দরখাস্তের শেষ তারিখ ৫ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স) পদের ক্ষেত্রে ৪০০ টাকা এবং জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৩০০ টাকা। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। দরখাস্তের সময় কোনও অসুবিধা হলে যোগাযোগ করতে পারেন এই হেল্পলাইন নম্বরে: ৯৫১৩০-৪৪৮২৩।

# ই সি আই এলে ৩০০ অফিসার

প্রথম পাতার পর

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রিক্যাল ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক। এর পাশাপাশি ৩০-১১-২০২১ তারিখ অনুযায়ী সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩০-১১-২০২১ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। **বেতন:** প্রতি মাসে ২৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ecil.co.in দরখাস্তের শেষ তারিখ ২১ ডিসেম্বর। দরখাস্তের সময় সিস্টেম জেনারেটেড সিরিয়াল অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। এটি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কমিউনিকেটিভ ইংলিশের সার্টিফিকেট কোর্স

কমিউনিকেটিভ ইংলিশের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সেন্টার ফর ল্যাঙ্গুয়েজ, ট্রান্সলেশন অ্যান্ড কালচারাল স্টাডিজ। কোর্সের মেয়াদ তিন মাস। পড়ানো হবে অনলাইন মাধ্যমে, গুগল মিটে। কোর্স শুরু হবে ২৬ ডিসেম্বর। আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। কোর্স ফি ৫০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় মাধ্যমেই। ফি দিয়ে পাওয়া রিসিপ্টটি রেখে দেবেন। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির থেকে: www.wbnsou.ac.in, www.cltcsnsou.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। পূরণ করা আবেদনপত্র, ফি জমা দিয়ে পাওয়া রশিদ ও প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল ২৫ ডিসেম্বরের মধ্যে ই-মেল করবেন এই ঠিকানায়: nsousohgautam@gmail.com ই-মেলের সাবজেক্ট লাইনে লিখবেন "CLTCS_CICE_2021".

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।


**UNIVERSITY OF NORTH BENGAL**
**Office of the Registrar**
**P.O. - N. B. U, Dist. - Darjeeling, Pin-734013.**

Online applications are invited within **31.12.2021** from bonafide Indian Citizens for appointment of **Director** in the **Directorate of Distance Education** on permanent full-time regular basis. Detailed information and online application form will be available in the University Portal at **http://www.nbu.ac.in (Recruitment Section)**. Filled in Application Form, complete in all respects along with requisite fees must be submitted online on or before **31.12.2021. Applicants who applied earlier in response to our Advt. No. 41/R-21, dt 23.09.2021 need not apply again. However, they may update their CV by sending hardcopy of all testimonials to the office of the Registrar.**

**Advt. No: 64/R-2021, Dated : 14.12.2021** — **Registrar (Offg.)**



SEACOM SKILLS UNIVERSITY

**www.seacomskillsuniversity.org**

**NOTICE**

Ph.D RET Examination of 2021-22 session is going to be held on **21/12/2021 Tuesday, from 2 PM to 3 PM at Seacom Skills University**, Kendradangal, Bolpur, Birbhum, West Bengal, in a offline / online mode. Subjects are Science / Arts / Commerce / Law / Engineering / Mgmt. / Fine Arts. Interested candidates are requested to attend the same on date and time. For registration call.

**Mob.: 9836295315 | 7890502451**


# ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চে ৬৪১ টেকনিশিয়ান

প্রথম পাতার পর

প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার ভিত্তিক ১০০ নম্বরের পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ২৫ জানুয়ারি থেকে ৫ ফেব্রুয়ারি পর্যন্ত। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, হাওড়া, বর্ধমান, দুর্গাপুর, কল্যাণী, শিলিগুড়ি, আসানসোল ও সিউড়ি। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স, সায়েন্স ও সোশ্যাল সায়েন্স বিষয়ে। সময় দেড় ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.iari.res.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১০ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৫০ থেকে ৮০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৫০ থেকে ১০০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ৩০০ টাকা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অথবা ফোন করতে পারেন এই নম্বরে: ০২২-৬১০৮৭৫৭৩ (সোম থেকে শনি সকাল ১০টা থেকে সন্ধে ৬টার মধ্যে)।

# ই এস আইয়ে ১১২০

প্রথম পাতার পর

মেডিসিন ও পেডিয়াট্রিক্স-বিষয়ক প্রশ্ন। সেকশন-টুয়ে থাকবে সার্জারি, গাইনিকোলজি অ্যান্ড অবস্টেট্রিক্স এবং প্রিভেন্টিভ অ্যান্ড সোশ্যাল মেডিসিন বিষয়ক প্রশ্ন। মোট সময়সীমা ২ ঘণ্টা।

দরখাস্ত করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.esic.nic.in দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (১০০ কেবি সাইজের মধ্যে) ও সই (৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউ পি আই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।


**Bharatiya Vidya Bhavan**
Block – FA, Sector –III, Salt Lake City, Kolkata-700 097

**RECRUITMENT OF TEACHERS**

**Full-time** and **Part-time Assistant Teachers** are required in the Primary and Secondary Section of

**BHAVAN'S GANGABUX KANORIA VIDYAMANDIR SALT LAKE, KOLKATA**

**PRE-PRIMARY SECTION:**

**Graduate teacher** with TTC/Montessori Teacher's training (Govt. Regd.) Only Female candidates with English medium background may apply.

**PRIMARY SECTION:**

- Full time teachers in **Hindi, Mathematics and Science**
  **Qualification required:** Graduate in the subject with B.Ed and at least 3 years of teaching experience in English medium school.
- Full time **Primary teacher**
  **Qualification required:** Graduate with degree or diploma in Education and at least 3 years of teaching experience in English

**SECONDARY AND SENIOR SECONDARY SECTION:**

- Full time **PGT** teachers in **English, Biology** and **Accountancy**
- Part time **PGT** teachers in **Business studies**
  **Qualification required:** Post Graduate in the subject with B.Ed and at least 3 Years of teaching experience in English medium school.
- Full time **TGT** teachers in **English, Bengali, Geography, Sanskrit, physics, chemistry & Mathematics.**
- Part time **TGT** teachers in Bengali
  **Qualification required:** Graduate in the subject with B.Ed and at least 3 years of teaching experience in English medium school.
- Part time **Special Educator for secondary and Primary sections**
  **Qualification required:** Graduate with RCI approved qualification.

Apply within seven (7) days in the prescribed form to be collected from the office of the first floor between **10.00 a.m.** and **2.00 p.m.** on working days along with attested copies of qualification and experience certificate.


jobinindiagroup.com

# কারেন্ট অ্যাফেয়ার্স

২৪ নভেম্বর-২ ডিসেম্বর

**২৪ নভেম্বর** রাজধানীর দূষণচিত্র নিয়ে সুপ্রিম কোর্টের ভর্ৎসনার মুখে পড়ল সরকার। শীর্ষ আদালতের স্পষ্ট বক্তব্য, রাজধানীর বাতাসের খারাপ মান নিয়ে আরও বৈজ্ঞানিক সমীক্ষা প্রয়োজন, পূর্ব-নির্ধারিত কোনও পদক্ষেপে লাভ হবে না। দিল্লির দূষণ কবলিত অবস্থা নিয়ে এই নিয়ে তৃতীয় সপ্তাহ ধরে শুনানি চলল।

## কাশ্মীর নিয়ে উদ্বেগ রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার সংগঠনের




**১ ডিসেম্বর:** রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার সংগঠনের মুখপাত্র রুপার্ট কোলভিল কাশ্মীর নিয়ে উদ্বেগ জানালেন। কাশ্মীরের গ্রেপ্তার হওয়া মানবাধিকার কর্মী খুররাম পারভেজের বিরুদ্ধে বেআইনি কার্যকলাপ প্রতিরোধ আইন (ইউএপিএ) আনা হল কেন সেই প্রশ্ন তুলেছেন রুপার্ট। তাঁর মতে, কাশ্মীরে নিখোঁজ তরুণদের পরিবারের হয়ে অনেকদিন ধরেই লড়াই করছেন পারভেজ। এর জন্য একাধিকবার প্রশাসনের রোষের মুখে পড়তে হয়েছে তাঁকে। ইউএপিএ আইন নিয়ে রুপার্টের বক্তব্য, আইনের ব্যাখ্যা নিয়ে ধোঁয়াশা রয়েছে। এই আইনের নাম করে কাশ্মীর এবং ভারতের অন্যান্য অংশের মানবাধিকার কর্মী এবং সাংবাদিকদের দিনের পর দিন আটক করে রাখা হয়। জবাবে ভারতের বিদেশ মন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচী দাবি করেছেন ভারতের প্রশাসন এবং নিরাপত্তা বাহিনীর বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ আনা হচ্ছে।

দিওয়ালির পর দিল্লির দূষণ পরিস্থিতি যা হয়েছিল তার থেকে এখন পরিস্থিতি একটু উন্নত হলেও খুব একটা বদল আসেনি। আদালতের নির্দেশ, দিল্লির ক্ষেত্রে গ্রহণযোগ্য একিউআই মাত্রা কত, তা নির্দিষ্ট করে দিতে হবে। রাজধানীর দূষণ কমাতে পূর্ব-নির্ধারিত কোনও ব্যবস্থা গ্রহণ করলে চলবে না, বরং বৈজ্ঞানিক পরিসংখ্যানের ভিত্তিতে দিল্লির দূষণ নিয়ন্ত্রণের ব্যবস্থা করতে হবে।

**ক্রিপ্টোকারেন্সিতে লগ্নির ব্যাপারে** সাধারণ মানুষকে সাবধান করলেন রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন গভর্নর রঘুরাম রাজন। তিনি বললেন, 'জানা-অজানা, বিখ্যাত-অখ্যাত, সব মিলিয়ে ৬০০০-এরও বেশি ক্রিপ্টোকারেন্সি এখন ডিজিট্যাল দুনিয়ায় ঘুরে বেড়াচ্ছে। যার মধ্যে আগামী দিনে একটা-দুটো, খুব বেশি হলে হাতে গোনা কটাই থাকবে। বাকিদের অস্তিত্ব খুঁজে পাওয়া যাবে না।' প্রাক্তন রিজার্ভ ব্যাঙ্ক গভর্নরের দাবি, বাস্তবিক ভাবে ক্রিপ্টোকারেন্সি আর চিটফান্ডের কার্যপ্রণালীতে কোনও তফাৎ নেই। চিটফান্ডের মালিকেরা যেমন লগ্নিকারীদের অর্থ নিয়ে রাতারাতি চম্পট দেন, তেমনই ক্রিপ্টোকারেন্সিতে জমানো পুঁজি নিয়ে নেট দুনিয়ায় গা-ঢাকা দেয় দুষ্কৃতীরা।

**আদানির কাছে দেশ এবং এশিয়ার সেরা** ধনীর তকমা হারালেন মুকেশ আম্বানি। গত ২০ মাসে নিজের সম্পত্তি বাড়িয়ে শীর্ষ ধনীর স্থানটি দখল করলেন আদানি গ্রুপের চেয়ারম্যান গৌতম আদানি। ব্লুমবার্গ বিলিওনেয়ার্স ইনডেক্স অনুযায়ী বিশ্বে সেরা তিন ধনী এলন মাস্ক, জেফ বেজোস ও বার্নাড আর্নল্ড। আদানি আছেন দ্বাদশ স্থানে।

**মেঘালয়ের প্রাক্তন মুখ্যমন্ত্রী মুকুল** সাংমার নেতৃত্বে ১২ জন বিধায়ক কংগ্রেস থেকে বেরিয়ে গিয়ে তৃণমূলে যোগ দিলেন। ফলে উত্তর-পূর্বের এই রাজ্যে এখন প্রধান বিরোধী দল হল তৃণমূলই। এদিন শিলংয়ে সাংবাদিক বৈঠক করে মুকুল সাংমা তৃণমূলে যোগ দেওয়ার কথা ঘোষণা করেন। তাঁর দাবি, কংগ্রেস এই পাহাড়ি রাজ্যে কার্যকর বিরোধী দলের ভূমিকা পালন করতে ব্যর্থ হয়েছে।

**২৫ নভেম্বর** পরিবেশরক্ষার লড়াইয়ে ভারতকে ১২০ কোটি ইউরো অর্থাৎ প্রায় ১০,০২৫ কোটি টাকার সাহায্য ঘোষণা করল জার্মানি। জার্মান রাষ্ট্রদূত ওয়াল্টার লিন্ডনার বলেন, 'বিশ্বে প্রতি পাঁচজনের মধ্যে একজন ভারতীয়। ভারতীয়দের বাদ দিয়ে বিশ্বের বড় কোনও সমস্যার সমাধান সম্ভব নয়, আর জলবায়ু পরিবর্তন তো বড় সমস্যা। আমরা ভারতের সঙ্গে মিলে জলবায়ু পরিবর্তন রোধ, অপ্রচলিত শক্তির ব্যবহার বাড়ানোর মতো প্রজেক্টে কাজ করছি।'

## ওমিক্রন হানা দিল ভারতেও



**২ ডিসেম্বর:** বিশ্বের ৩০তম দেশ হিসেবে এবার ভারতেও খোঁজ মিলল করোনার ওমিক্রন ভ্যারিয়েন্টের। যে-কোনও সময় করোনা ভাইরাসের নতুন রূপ ওমিক্রন ভারতেও আসতে পারে এমন আশঙ্কা আগে থেকেই ছিল। এদিন ওমিক্রনে আক্রান্ত দুই ব্যক্তির হদিস মিলেছে কর্নাটকে। দু'জনই পুরুষ— ৪৬ বছর বয়সি এক ভারতীয় এবং ৬৬ বছর বয়সি এক বিদেশি। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের যুগ্ম সচিব লব আগরওয়াল এ খবর জানিয়ে বলেছেন ওই দুই ব্যক্তির সংস্রবে যাঁরা এসেছিলেন তাঁদের প্রত্যেককে চিহ্নিত করে কোভিড টেস্টের ব্যবস্থা করা হয়েছে। তবে লব আশ্বাস দিয়ে বলেছেন, ওমিক্রনে আক্রান্তদের উপসর্গ মৃদু অথবা নেই। তাই এখনই আতঙ্কিত হওয়ার কোনও কারণ নেই।



"পরের অতিমারী আরও সংক্রামক ও ভয়ানক হতে চলেছে। ভাইরাস আমাদের জীবন-জীবিকাকে চ্যালেঞ্জ করেই যাবে, এটা শেষ নয়।"

সারা গিলবার্ট, *প্রখ্যাত ভ্যাকসিনোলজিস্ট*
অতিমারীর ভয়াবহতা প্রসঙ্গে

## শান্তি ছেড়ে যুদ্ধের পথে আবি



**২৫ নভেম্বর:** শান্তিতে নোবেলজয়ী ইথিয়োপিয়ার প্রধানমন্ত্রী আবি আহমেদ ফের নামলেন যুদ্ধের ময়দানে। দেশের উত্তরাঞ্চল তথা তিগ্রে অঞ্চলের বিদ্রোহী বাহিনীদের তাণ্ডব রুখতে তিনি সামনে থেকে নেতৃত্ব দিতে নেমে পড়েছেন। মাসখানেক আগেই অবশ্য দেশে জরুরি অবস্থা জারি করেছিলেন আবি। সোশ্যাল মিডিয়ায় আবি বলেন, 'এটা এমন একটা সময়, যখন শহিদ হতে পারি জেনেও যুদ্ধে না নেমে উপায় থাকে না।' ১৯৯৩ সালে ইরিট্রিয়া স্বাধীনতা অর্জন করে বিচ্ছিন্ন হয়ে যায় ইথিয়োপিয়া থেকে। কিন্তু সীমান্তবর্তী কিছু এলাকার দখল নিয়ে দু'দশক ধরে রক্তক্ষয়ী সংগ্রাম চলে। গৃহযুদ্ধের অবসানে ইতিবাচক ভূমিকা নিয়ে নোবেল শান্তি পুরস্কার জিতেছিলেন আবি ২০১৯ সালে।

**২৬ নভেম্বর** মুম্বই হামলার ১৩তম বর্ষপূর্তিতে পাক রাষ্ট্রদূতকে ডেকে সন্ত্রাস নিয়ন্ত্রণের কড়া বার্তা দিল ভারতীয় বিদেশমন্ত্রক। রাষ্ট্রদূতকে তলব করে মুম্বই হামলার শুনানিতে পাকিস্তানের অযথা দেরি নিয়ে ক্ষোভ জানিয়েছে ভারত। পাকিস্তানের মাটি থেকে ভারত বিরোধী সন্ত্রাস রুখতে ইসলামাবাদ যে প্রতিশ্রুতিবদ্ধ তাও স্মরণ করিয়ে দেওয়া হয়েছে। ভারতীয় বিদেশ মন্ত্রক জানিয়েছে, নৃশংস সন্ত্রাস হানার ১৩ বছর পরও ১৬৬ জন নিহতের পরিবার এখনও ন্যায়বিচার পেলেন না। মামলার শুনানিই এখনও শেষ হল না। পাকিস্তানের উদ্দেশে বলা হয়েছে অপরাধীদের শাস্তি দিতে তারা আর একটু তৎপর হোক।

**২৭ নভেম্বর** কৃষিক্ষেত্রে ন্যূনতম সহায়ক মূল্যের (এমএসপি) ব্যাপারে স্বচ্ছতা আনতে কমিটি গড়ার আশ্বাস দিল কেন্দ্র। সেই আশ্বাসেই কৃষক আন্দোলনকারীরা 'সংসদ চলো' অভিযান স্থগিত রাখলেন। তবে এমএসপি আইনের নিশ্চয়তা এবং বাকি পাঁচদফা দাবি পূরণ না হওয়া অবধি বিক্ষোভ প্রত্যাহারের পথে হাঁটবেন না তারা।

**২৮ নভেম্বর** ত্রিপুরায় পুরসভা নির্বাচনে প্রায় ৯৯ শতাংশ ওয়ার্ডে জয়ী হয়ে ক্ষমতা বজায় রাখল বিজেপি। কিন্তু বাম-কংগ্রেসকে পিছনে ফেলে আগরতলায় তৃণমূল দ্বিতীয় স্থানে উঠে এসেছে। তৃণমূল মাত্র তিনমাস আগে ত্রিপুরায় কাজ শুরু করেছে। সার্বিক ভাবে ত্রিপুরার পুরভোট যদি দেখা যায়, তা হলে সেখানেও ১৬.৩৯ শতাংশ ভোট পেয়ে কংগ্রেসকে পিছনে ফেলে তৃতীয় স্থানে উঠে এসেছে তৃণমূল।

**উত্তর ২৪ পরগনার বাগদা থেকে নদিয়ার** নবদ্বীপ শ্মশানে যাওয়ার পথে মাঝরাতে ভয়াবহ পথ দুর্ঘটনায় ১৭ জন শ্মশানযাত্রী প্রাণ হারালেন। পরিবারের ৯০ বছরের এক বৃদ্ধার শেষযাত্রার জন্য জড়ো হয়েছিলেন তাঁরা। শববাহী যে মিনি ট্রাকে তাঁরা ছিলেন দ্রুতগতিতে সেটি রাস্তায় দাঁড়িয়ে থাকা পাথর বোঝাই একটি লরিকে ধাক্কা মারে। ঘটনাস্থলেই ১৪ জনের মৃত্যু হয়। পরে হাসপাতালে মারা যান আরও তিন জন। সাম্প্রতিক অতীতে পশ্চিমবঙ্গে কোনও একটি পথদুর্ঘটনায় এত জনের মৃত্যুর নজির নেই বললেই চলে।

**২৯ নভেম্বর** কোনও আলোচনা ছাড়াই সংসদের উভয় কক্ষে পাশ হয়ে গেল বিতর্কিত তিন কৃষি আইন প্রত্যাহার বিল। কিন্তু এরপরেও কৃষকদের আন্দোলন চলবে, সেটা স্পষ্ট করে দিলেন ভারতীয় কিষাণ ইউনিয়নের নেতা রাকেশ টিকায়েত। জানিয়ে দিলেন, ন্যূনতম সহায়ক মূল্য (এমএসপি)-সহ কৃষকদের ছ'দফা দাবি নিয়ে সরকার আলোচনা না করলে বিক্ষোভস্থল ছাড়বেন না কৃষকরা। টিকায়েত বলেন, 'সরকার চায় দেশে কোনও প্রতিবাদ না হোক। কিন্তু এমএসপি-সহ আমাদের অন্য দাবিগুলো নিয়ে আলোচনা না হওয়া অবধি বিক্ষোভস্থল ছাড়ব না।'

**করোনার নয়া রূপ ওমিক্রনকে** 'সারা বিশ্বের জন্যই অত্যন্ত ঝুঁকিপূর্ণ' বলে চিহ্নিত করল বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)। এই নতুন ভ্যারিয়েন্টটির সূত্রেই পৃথিবীজুড়ে যদি ফের মাথাচাড়া দেয় অতিমারী তাহলে তার মারাত্মক পরিণতি হবে বলে হু-এর তরফে আশঙ্কা প্রকাশ করা হয়েছে। ওমিক্রন ঠিক কতটা সংক্রামক, সে ব্যাপারে কোনও প্রামাণ্য নথি এখনও পাওয়া যায়নি। কিন্তু এর স্পাইক প্রোটিনে এমন কিছু বেনজির পরিবর্তন রয়েছে যা দেখে বিশেষজ্ঞদের আশঙ্কা এই ভ্যারিয়েন্টের সংক্রমণ ছড়ানোর ক্ষমতা মারাত্মক।

**ভারত ও নিউজিল্যান্ডের কানপুর টেস্ট** ড্র হল। গ্রিন পার্কে রুদ্ধশ্বাস টেস্ট ম্যাচে শেষ উইকেটে আজাজ প্যাটেলকে সঙ্গী করে ৯১ বল ক্রিজে থেকে ১৮ নট আউটের অমূল্য ইনিংস খেলে টিমকে বাঁচালেন ভারতীয় বংশোদ্ভূত রাচিন রবীন্দ্র। সঙ্গী আজাজ প্যাটেলও (২৩ বলে ২ নট আউট) ভারতীয় বংশোদ্ভূত। জয়ের জন্য ২৮৪ রান দরকার ছিল, শেষ পর্যন্ত নিউজিল্যান্ড করে ৯৮ ওভারে ১৬৫-৯। জয়ের দোরগোড়া থেকে ফিরে আসতে হল ভারতকে।

## বিজেপি বিরোধী বিকল্প মঞ্চ গড়ার ডাক দিলেন মমতা



**১ ডিসেম্বর:** বিজেপি বিরোধী জোট গঠনের জন্য মুম্বই গিয়ে একাধিক বিরোধী নেতাদের সঙ্গে বৈঠক করলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সনিয়া গান্ধীর নেতৃত্বাধীন ইউপিএ-র কার্যত কোনও অস্তিত্বই নেই বলে ঘোষণা করে বিজেপি-বিরোধী দলগুলিকে একজোট হওয়ার আহ্বান জানালেন মমতা। দু'দিনের মুম্বই সফরে মহারাষ্ট্রের কংগ্রেস জোট সরকারের মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরের ছেলে আদিত্য ঠাকরে এবং শিবসেনা নেতা সঞ্জয় রাউতের সঙ্গে বৈঠক করেন তিনি। কংগ্রেসের অন্য শরিক শরদ পাওয়ারের সঙ্গেও বৈঠক করেন মমতা। তৃণমূল নেত্রীর সুরেই বিজেপি-বিরোধী সমমনস্ক শক্তিগুলির যৌথ নেতৃত্বের ভিত্তিতে বিকল্প মঞ্চ গড়ে তোলার পক্ষে সওয়াল করেন শরদ পাওয়ারও।

**বিশ্বখ্যাত সোশ্যাল নেটওয়ার্কিং সাইট** ট্যুইটারের শীর্ষপদে বসলেন ভারতীয় বংশোদ্ভূত পরাগ আগরওয়াল। ২০১৭ সাল থেকে তিনি ছিলেন সংস্থার চিফ টেকনোলজি অফিসার। এদিন ট্যুইটারের সহ-প্রতিষ্ঠাতা জ্যাক ডরসি ১৫ বছর পর সংস্থার চিফ একজিকিউটিভ অফিসার (সিইও) পদে ইস্তফা দেওয়ায় পরাগকেই নেতৃত্বে বেছে নিল বোর্ড। এর আগে গুগল, মাইক্রোসফট, অ্যাডোব, আইবিএম-এর পর ট্যুইটারেও শীর্ষপদে বসলেন এক ভারতীয় বংশোদ্ভূত।

**১ ডিসেম্বর** রোগীর মৃত্যু হলেই ডাক্তারের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ তোলা যাবে না বলে একটি মামলার প্রেক্ষিতে জানিয়ে দিল সুপ্রিম কোর্ট। আদালতের যুক্তি, চিকিৎসক রোগীর বেঁচে থাকা নিশ্চিত করতে পারেন না, তাঁকে চিকিৎসা করে সুস্থ করার চেষ্টা করেন মাত্র। শীর্ষ আদালতের আরও বক্তব্য, 'রোগীর পরিজন প্রিয়জনের বিয়োগ মানতে পারেন না বলে অসহিষ্ণু হয়ে পড়েন। স্বাস্থ্যকর্মীদের উপর চড়াও হওয়ার ঘটনা এখন বেড়েছে। ... অনেক সময় শ্রেষ্ঠ চিকিৎসা দেওয়ার চেষ্টা করেও মৃত্যু আটকানো যায় না। চিকিৎসকরা রোগীর যত্নের দায়িত্ব নিতে পারেন, তাঁর প্রাণের নয়।'

**কৃষক আন্দোলনে প্রাণ হারানো** কৃষকদের মৃত্যুর কোনও নথি সরকারের কাছে নেই বলে লোকসভায় এক লিখিত জবাবে দাবি করলেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর। গত একবছর ধরে দিল্লির সীমানায় যে কৃষক বিক্ষোভ চলছে, সেখানে কতজন কৃষকের মৃত্যু হয়েছে এবং সরকার তাঁদের পরিবারকে ক্ষতিপূরণ দেবে কি না সেই প্রশ্ন তুলেছিল বিরোধী শিবির। কৃষিমন্ত্রীর বক্তব্য মন্ত্রকের কাছে কোনও তথ্য নেই, ফলে ক্ষতিপূরণের প্রশ্নই ওঠে না। কিন্তু কৃষক নেতা ও বিরোধীরা দাবি করেছেন, কেন্দ্রের বিতর্কিত তিন কৃষি আইনের প্রতিবাদ জানাতে গিয়ে ৭০০-রও বেশি কৃষক শহিদ হয়েছেন। কৃষি আইন প্রত্যাহারের পরও যে ছ'দফা দাবিতে কৃষকরা প্রতিবাদ বজায় রেখেছেন তার মধ্যে রয়েছে ক্ষতিপূরণের দাবিও।

## অনিল, কপিলের পর তৃতীয় অশ্বিন



**২৯ নভেম্বর:** নিউজিল্যান্ডের বিরুদ্ধে কানপুর টেস্টে হরভজন সিংকে (৪১৭) টপকে ভারতের তৃতীয় সর্বোচ্চ উইকেট শিকারি হলেন রবিচন্দ্রন অশ্বিন (৪১৯)। অনিল কুম্বলে (৬১৯) ও কপিল দেবের (৪৩৪) পর অশ্বিনই হলেন তৃতীয়। টেস্টে কিউয়িদের বিরুদ্ধে ভারতের হয়ে সর্বোচ্চ টেস্ট উইকেটও এখন অশ্বিনের (৫৮) দখলে। তিনি টপকালেন বিষেণ সিং বেদীকে (৫৭)।

## ব্যালন ডি'ওর ২০২১ পেলেন লিওনেল মেসি




**৩০ নভেম্বর:** সপ্তমবার ফুটবলের ঐতিহ্যবাহী ব্যালন ডি'ওর পুরস্কার পেলেন লিওনেল মেসি। ফরাসি ফুটবল সংস্থার পক্ষ থেকে মেসি এই সম্মান পেলেন। আর্জেন্টিনার হয়ে কোপা আমেরিকা জিতেছিলেন মেসি। এর আগে ২০০৯, ২০১০, ২০১১, ২০১২, ২০১৫ এবং ২০১৯-এ এই ট্রফি জিতেছেন মেসি।

# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## পরিস্থিতি যেমনই হোক নিজের লক্ষ্যে স্থির থাকো



**শীর্ষেন্দু চৌধুরী**
বিজনেস হেড অ্যান্ড সিইও
এডুকেশন ইন্ডাস্ট্রি
প্রাক্তন ডেপুটি জেনারেল ম্যানেজার
ভারতী এয়ারটেল



ভাইরাসের সংক্রমণের হ্রাসবৃদ্ধি এখন চলতে থাকবে। আজ ডেল্টা, কাল ওমিক্রনের মতো নতুন নতুন নামের ভ্যারিয়েন্টের সঙ্গে পরিচিত হব আমরা। চাকরির বাজারও সেই অনুযায়ী ভালো হবে বা খারাপ হবে। তবে নিজের কেরিয়ার তৈরির প্রক্রিয়ার গতি কমতে দিও না। আমরা এখন শিখে গিয়েছি ঘরে বন্দি থেকেও কী ভাবে প্রস্তুতি নেওয়া যায়, পড়াশোনা চালানো যায়। ফলে পরিস্থিতি ভালো হোক বা খারাপ, নিজের লক্ষ্যে স্থির থাকতে হবে।

### লক্ষ্য স্থির করো

প্রস্তুতির সময়, কোন ইন্ডাস্ট্রিতে যেতে চাইছ সেই বিষয়টা ঠিক করে নাও। শুধু নিজের ভালোলাগাকে গুরুত্ব দিলেই হবে না। বাস্তবে সেই ইন্ডাস্ট্রি আর্থিক সম্ভাবনার দিক থেকে কতটা পোক্ত জমিতে দাঁড়িয়ে সেটাও বুঝে নিতে হবে। হয়তো তোমার পছন্দের সেক্টর করোনার ফলে ক্ষতিগ্রস্ত হয়েছিল। সুতরাং ভবিষ্যতেও একই রকমের পরিস্থিতি তৈরি হলে, আবারও সেই অবস্থায় ফিরে যেতে পারে। অতএব তোমাকে অনেক ভেবেচিন্তে সিদ্ধান্ত নিতে হবে। অতিমারি আমাদের প্রয়োজনকে গুরুত্ব দিতে শিখিয়েছে। আমরা শখ-শৌখিনতা একেবারে বর্জন করে বাঁচতে শিখেছি গত দু'বছরে। তবে কাজ যেহেতু আমাদের জীবনের একটা বড় অংশ, ফলে সেখানে শুধু প্রয়োজনের দিকটা দেখলে কাজের আনন্দ কমে যাবে। তাই কাজ বাছতে হবে শখ আর প্রয়োজনের মেলবন্ধন ঘটিয়ে।

এমন একটা কাজ বেছে নাও যেখানে তুমি চাইলেই ইন্ডাস্ট্রি বদলাতে পারো। একইসঙ্গে দেখতে হবে কোন কাজ ঘরে থেকে বা অফিস থেকে দূরে বসেও করা সম্ভব। তাহলে পরিস্থিতি জটিল হলেও কাজ হারানোর সম্ভাবনা কম। তুমি যদি স্বাস্থ্য পরিষেবার সেলসের কাজে যোগ দাও তাহলে কয়েক বছর বাদে ট্যুরিজম ইন্ডাস্ট্রিতে যেতে তোমার অসুবিধা হবে না। কারণ ভালো সেলসের কর্মী সব ইন্ডাস্ট্রিই চায়। আবার ট্যুরিজম ইন্ডাস্ট্রিতে সেলসের কাজ করতে করতে তুমি নিজের পছন্দের বিভাগে কাজ পেতে পারো যদি সেই ভাবে নিজেকে প্রমাণ করতে পারো বা কোনও কোর্স করে নিতে পারো।

আই টি, মার্কেটিং, অ্যাকাউন্টস, ডেটা অ্যানালিটিক্সের মতো অনেক কাজ আছে যার জন্য দক্ষ কর্মী খোঁজে প্রায় সব সংস্থা। উন্নতির লক্ষ্যে বেসরকারি চাকরি সব সময়ই বদল করা সম্ভব, ফলে এই জটিল পরিস্থিতিতেও নিজের পছন্দের কাজ খুঁজে নিতে পারো। তবে এর জন্য নিজের লক্ষ্যে স্থির থাকতে হবে। নিজেকে ভেঙেগড়ে নিয়ে তৈরি হতে হবে। এটা একটা ধারাবাহিক প্রক্রিয়া। লক্ষ্যে পৌঁছনোর রাস্তাটার একটা খসড়া পরিকল্পনা লিখে রাখো। নিজের লেখাটা যখনই দেখবে, মনের জোর বাড়বে। তার পাশে ছোট-বড় সফলতাগুলো লিখতে ভুলো না। তোমার মনের জোর আর উৎসাহই তোমায় লক্ষ্যে পৌঁছতে সাহায্য করবে।

> আই টি, মার্কেটিং, অ্যাকাউন্টস, ডেটা অ্যানালিটিক্সের মতো অনেক কাজ আছে যার জন্য দক্ষ কর্মী খোঁজে প্রায় সব সংস্থা। উন্নতির লক্ষ্যে বেসরকারি চাকরি সব সময়ই বদল করা সম্ভব, ফলে এই জটিল পরিস্থিতিতেও নিজের পছন্দের কাজ খুঁজে নিতে পারো। তবে এর জন্য নিজের লক্ষ্যে স্থির থাকতে হবে। নিজেকে ভেঙেগড়ে নিয়ে তৈরি হতে হবে। এটা একটা ধারাবাহিক প্রক্রিয়া।

## উপার্জনের পথ দেখাচ্ছে বিভিন্ন স্বাদের হোমমেড চকোলেট

*প্রথম পাতার পর*

আকর্ষণ করে বেশি। সেইসঙ্গে গুণমানের দিকেও নজর রাখতে হবে ষোলোআনা। নিজে চকোলেট তৈরি করতে না চাইলে, যাঁরা হোমমেড চকোলেট বানান, তাঁদের কাছ থেকে হোলসেলে চকোলেট কিনে খুচরো বাজারে বিক্রির ব্যবসাও করতে পারেন অনায়াসে।


### নিজে বানান, অন্যকেও শেখান রুমা

সল্টলেকের বাসিন্দা রুমা ঘোষ নিজে চকোলেট তৈরি করে প্রতিষ্ঠিত। এখন তিনি হোমমেড চকোলেট তৈরির প্রশিক্ষণও দেন।

**শুরু কী ভাবে:** লকডাউনের সময় রুমা দু'দিনের একটি বেকিং কোর্সে যোগ দিয়ে চকোলেট তৈরিও শিখে নেন। প্রথমে বাড়ির ছোটদের আবদার রাখতে বিভিন্ন ধরনের চকোলেট তৈরি করে দিতেন। ক্রমে নিকট আত্মীয়স্বজন ও প্রতিবেশীরা তাঁর তৈরি চকোলেট খেয়ে ভালো লাগায়, তাঁদের কাছ থেকে অর্ডার পেতে শুরু করেন।

**এখন ব্যবসা:** বেকড ফর ইউ— এটাই রুমার তৈরি চকোলেটের নাম। পাওয়া যায় ১০ টাকা (প্রতি পিস) থেকে শুরু করে ১২০ টাকা (বার) দামে ১০ থেকে ১৫ ধরনের চকোলেট। বিভিন্ন হস্তশিল্প মেলায় রুমাকে দেখা যায় চকোলেটের পশরা নিয়ে। মেলায় বিক্রির পাশাপাশি নতুন ক্রেতাদের কাছ থেকেও অর্ডার পান রুমা। শুধু কলকাতা ও তার আশেপাশের অঞ্চলের ক্রেতাদের থেকেই নয়, ভিন রাজ্যের ক্রেতাদের থেকেও। চকোলেটের প্রচারের জন্য রুমা সোশ্যাল





মিডিয়াতেও সক্রিয়। আগ্রহীরা রুমার তৈরি চকোলেট হোলসেলে কিনে ব্যবসা করতে পারেন।

**স্বাদে বৈচিত্র:** রুমার তৈরি চকোলেটের মধ্যে জনপ্রিয় হয়েছে লিকার চকোলেট, রসমালাই চকোলেট, পানের বিভিন্ন ফ্লেভারের চকোলেট ইত্যাদি। পাশাপাশি তিনি ক্রেতার পছন্দ অনুযায়ী কাস্টমাইজড চকোলেটও তৈরি করেন।

**চলছে প্রশিক্ষণ দেওয়া:** সল্টলেকে নিজের বাড়িতে অফলাইন প্রশিক্ষণ দেন রুমা। একদিনেই শিখিয়ে দেন চকোলেট তৈরির খুঁটিনাটি। সময় লাগে চার-পাঁচ ঘণ্টা। ফি ১,২০০ টাকা। শেখানোর সময় উপকরণের সামগ্রী রুমাই দেন। প্রশিক্ষণ নিতে যোগাযোগ: ৯০৭৩১-০৪০৫৫।

### স্বাদের বৈচিত্রই জনপ্রিয়তার মূলে, মত সায়ন ও তুলিকার

সায়ন মণ্ডল ও তাঁর তুতো বোন তুলিকা পাল। ২০১৭ থেকে তাঁরা যৌথ ভাবে হোমমেড চকোলেটের ব্যবসা করছেন।

**শুরু কী ভাবে:** শীতকালে একটি বস্ত্র প্রদর্শনীতে হোমমেড চকোলেট রাখার প্রস্তাব পান সায়ন ও তুলিকা। এই প্রদর্শনীর জন্যই প্রথম চকোলেট তৈরি করেন তাঁরা। প্রাথমিক ভাবে ইউটিইউব ভিডিও দেখে ও বই পড়ে বিভিন্ন স্বাদের চকোলেট তৈরি করতে শেখেন তাঁরা। পরে, ২০১৯ সালে কেরলে গিয়ে দেখে আসেন চকোলেট মেকিং।

**এখন ব্যবসা:** সায়ন ও তুলিকার তৈরি চকোলেটের পোশাকি নাম— ট্রাফলেটস। ২০১৭ সালে ব্যবসা শুরু করে এখন তাঁরা রীতিমতো স্টোর খুলে ফেলেছেন। যেখানে তাঁদের তৈরি চকোলেটের পাশাপাশি কেক, মাফিন, কুকিজ ইত্যাদি এবং চা, কফিও পাওয়া যাচ্ছে। ট্রাফলেটসের চকোলেটের দাম শুরু ১০ টাকা থেকে। এছাড়া এঁরা তৈরি করেন কাস্টমাইজড চকোলেট বারও। বার এবং কাস্টমাইজড চকোলেটের দাম নির্ভর করে উপকরণ ও ডেকোরেশনের উপর। ক্রেতা চাইলে চকোলেট বারের সঙ্গে মানানসই বিশেষ বাক্সও তৈরি করে দেন এঁরা।

**স্বাদে বৈচিত্র:** এঁদের বিশেষত্ব কফি ও কোকোনাট ট্রাফেল, ওরিও ট্রাফেল, নলেন গুড়ের ট্রাফেল, রাম অ্যান্ড রেইজিন ট্রাফেল, রোজ ট্রাফেল ইত্যাদি। এত বিভিন্ন ধরনের স্বাদের চকোলেট যেহেতু বাজারে পাওয়া যায় না, তাই হোমমেড চকোলেটের প্রতি উৎসাহ বাড়ছে ক্রেতার— এমনটাই মনে করেন ট্রাফলেটসের দুই কর্ণধার। তুলিকা ও সায়নের কাছ থেকে হোলসেলে চকোলেট কিনেও যে-কেউ উপার্জন করতে পারেন। যোগাযোগ: সায়ন মণ্ডল (৭০০৩০-৪২৪৯১), তুলিকা পাল (৯৮৩৬৭-৮৪৩৬২)।

### চকোলেটের প্রতি প্রেমই অনুপ্রেরণা রূপার

যাদবপুরের রূপা গুহ রায়ের হবি ছিল ছবি আঁকা এবং রান্না। এই হবি-ই তাঁকে পথ দেখিয়েছে উপার্জনের। শাড়ির বুটিক আছে রূপার।

**শুরু কী ভাবে:** নিজে চকোলেট খেতে দারুণ ভালোবাসেন রূপা। ভালোবাসার তাগিদ থেকেই কখনও ইউটিউব দেখে, কখনও বিভিন্ন ফুড ম্যাগাজিনের পাতা উলটে শিখে ফেলেন বিভিন্ন স্বাদের চকোলেট তৈরি করা।

**এখন ব্যবসা:** এখন তাঁর বুটিকে শাড়ির পাশাপাশি নিজের তৈরি চকোলেটও বিক্রি হয়। আবার হস্তশিল্প মেলাতেও স্পেস নিয়ে দোকান দেন রূপা। ১০ টাকা থেকে ৫০ টাকার মধ্যে পাওয়া যায় তাঁর তৈরি চকোলেট। ক্রেতার ফরমায়েশ অনুযায়ী কাস্টমাইজড চকোলেটও তৈরি করে দেন তিনি।

**স্বাদে বৈচিত্র:** রূপার তৈরি ডার্ক, মিল্ক, রোস্টেড আমন্ড, রেইজিন চকোলেট, জ্যাম ফিল্ড, হানি ফিল্ড চকোলেট খুবই পছন্দ করেন ক্রেতারা। 'বর্তমানে ডায়াবেটিজে আক্রান্ত মানুষের সংখ্যা প্রচুর। তাঁদের কথা মাথায় রেখে কিছু চকোলেট ও কুকিজ মধু দিয়ে তৈরি করি', জানালেন রূপা। যে-কেউ তাঁর কাছ থেকে হোলসেলে চকোলেট ও কুকিজ কিনে ব্যবসা করতে পারেন। যোগাযোগ: ৯৮৩১৫-৮৬৪৮১।

### সমবায়ের মাধ্যমে চকোলেট তৈরি হচ্ছে 'আমুক্তিকা'য়

শুভম দাস ও মন্দিরা কর্মকারের সংস্থা 'আমুক্তিকা অ্যান্ড জেড ডব্লু আই ইকোলজিক্যাল সলিউশন ট্রাস্ট' কাজের দিশা দেখিয়েছেন এমন বেশ কিছু মানুষকে, যাঁরা করোনার সময় কর্মহীন ও অসহায় হয়ে পড়েছিলেন। আমুক্তিকা-য় প্রশিক্ষণ পেয়ে তাঁরা বিভিন্ন পরিবেশবান্ধব সামগ্রী তৈরি করেন, বিক্রির ব্যবস্থা করে তাঁদের উপার্জনের সুযোগ করে দেয় আমুক্তিকা। এই সব হাতে তৈরি সামগ্রীর তালিকায় আছে হোমমেড চকোলেটও।

**এখন ব্যবসা:** এই চকোলেট তৈরি করেন আমুক্তিকা-র গড়ে দেওয়া কো-অপারেটিভের কর্মীরা। তৈরি হয় মূলত মায়াপুর ও নদিয়ায়। চকোলেট যাঁরা তৈরি করছেন আমুক্তিকা-র তরফেই তাঁদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। চকোলেট ছাড়াও নাড়ু, পিঠে, ঠেকুয়া ইত্যাদি তাঁরা তৈরি করছেন।

**চলছে প্রশিক্ষণ দেওয়া:** একসঙ্গে বেশ কয়েক জন মহিলা এই সব জিনিস তৈরি করে উপার্জন করতে চাইলে সে ব্যাপারে আমুক্তিকা-র তরফে পরামর্শ ও প্রশিক্ষণ দিয়ে সাহায্য করা হবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

**ব্যবসা করতে পারেন আপনিও:** আমুক্তিকা-র কাছ থেকে সরাসরি হোলসেলে চকোলেট ও অন্যান্য খাবারদাবার কিনে যে-কেউ বিক্রি করতে পারেন। শুভম জানালেন, 'গোটা শহর জুড়ে আমাদের ডেলিভারি পয়েন্ট আছে, সপ্তাহের নির্দিষ্ট দিনে সেখান থেকে জিনিসপত্র সংগ্রহ করে নিতে পারেন, এতে ডেলিভারি চার্জ লাগে না'। যোগাযোগ: ৮৯৬১৩-৮১৩৮৯/ ৯৮৭৫৪-৫৮৪০১।

jobindiagroup.com

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

রাজ্য পুলিশের মাধ্যমে

## আবগারি দপ্তরে পুরুষ ও মহিলা কনস্টেবল

শেষ মুহূর্তের মহড়া

### মেন পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'রাজতরঙ্গিনী' কার লেখা?
(a) কলহন (b) কৌটিল্য (c) মেগাস্থিনিস (d) এঁদের কেউই নন
2. তেজস্ক্রিয়তা কে আবিষ্কার করেন?
(a) কিউরি (b) সডি (c) বেকারেল (d) রাদারফোর্ড
3. সংবিধানসভার সভাপতি কে ছিলেন?
(a) আম্বেদকর (b) গোপালাচারি (c) নেহরু (d) রাজেন্দ্রপ্রসাদ
4. 'তবাকত-ই-আকবরি' বইটি কার লেখা?
(a) শাহজাহান (b) নিজামউদ্দিন আহমেদ (c) বাদাউনি (d) তুকাবাই
5. মানবদেহের ত্বকের সব থেকে উপরের অংশকে কী বলে?
(a) ডারমিস (b) কর্কলিয়া (c) এপিডারমিস (d) সবক'টি
6. কোন গিরিপথটি সিকিম রাজ্যে অবস্থিত?
(a) কামেট (b) জোজি লা (c) নাথু লা (d) বানিহাল
7. কোন শহরটি গঙ্গার তীরে গড়ে ওঠেনি?
(a) আগ্রা (b) পাটনা (c) কানপুর (d) এলাহাবাদ
8. ভারতে সর্বপ্রথম স্বর্ণমুদ্রা কোন শাসকরা চালু করেছিলেন?
(a) হুন (b) গুপ্ত (c) মৌর্য (d) কুষাণ
9. স্থানীয় স্বায়ত্তশাসন আইন কে পাশ করেন?
(a) লর্ড ডাফরিন (b) লর্ড মেয়ো (c) লর্ড রিপন (d) লর্ড বেন্টিঙ্ক
10. ভারতে রাজ্যসভার সভাপতিত্ব কে করেন?
(a) স্বরাষ্ট্রমন্ত্রী (b) রাষ্ট্রপতি (c) উপরাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রী
11. বরাকর কোন নদীর প্রধান শাখা?
(a) যমুনা (b) দামোদর (c) মহানন্দা (d) অজয়
12. প্রথম পানিপথের যুদ্ধ হয়েছিল কত সালে?
(a) 1525 (b) 1526 (c) 1527 (d) 1528
13. কোন সালে ভারতের পরিকল্পনা কমিশন গঠন করা হয়েছিল?
(a) 1950 (b) 1951 (c) 1952 (d) 1953
14. 'বিশ্ব পরিবেশ দিবস' কবে পালিত হয়?
(a) 1 জুলাই (b) 5 জুন (c) 8 মার্চ (d) 31 ডিসেম্বর
15. 1192 সালে কোন যুদ্ধ হয়েছিল?
(a) পলাশির যুদ্ধ (b) তালিকোটার যুদ্ধ (c) তরাইনের দ্বিতীয় যুদ্ধ (d) কোনওটিই নয়
16. তড়িৎশক্তির একক কোনটি?
(a) অ্যাম্পিয়ার (b) ম্যাক্সসংখ্যা (c) জুল (d) কোনওটিই নয়
17. 'কীর্তি কিষাণ পার্টি' কত সালে স্থাপিত হয়েছিল?
(a) 1922 (b) 1926 (c) 1930 (d) 1934
18. 'প্রধানমন্ত্রীর কর্তব্যের' রূপরেখা তুলে ধরা হয়েছে সংবিধানের কত নম্বর ধারায়?
(a) 75 নম্বর ধারা (b) 76 নম্বর ধারা (c) 77 নম্বর ধারা (d) 78 নম্বর ধারা
19. প্রথমবার সংবিধান সংশোধন করা হয় কত সালে?
(a) 1949 সালে (b) 1950 সালে (c) 1951 সালে (d) 1952 সালে
20. 'ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া' কত সালে স্থাপিত হয়েছে?
(a) 1965 (b) 1966 (c) 1967 (d) 1968
21. জব্বলপুর কোন নদীর তীরে অবস্থিত?
(a) যমুনা (b) গোমতী (c) তাপ্তি (d) নর্মদা
22. তালচের তাপবিদ্যুৎ কেন্দ্রটি কোন রাজ্যে অবস্থিত?
(a) বিহার (b) কেরল (c) কর্নাটক (d) ওড়িশা
23. 'মেসোজোম' দেখা যায় কোথায়?
(a) উদ্ভিদকোষে (b) ব্যাকটেরিয়ায় (c) প্রাণিকোষে (d) ছত্রাকে
24. যে প্রাণীর মানুষের মত দৃষ্টি আছে তা হল:
(a) পেঁচা (b) গরু (c) পায়রা (d) কাক
25. 'ভারতীয় জাতীয় কংগ্রেস' কোন ভাইসরয়ের সময় প্রতিষ্ঠিত হয়?
(a) লর্ড ডালহৌসি (b) লর্ড রিপন (c) লর্ড ডাফরিন (d) লর্ড লিটন
26. মানুষের শরীরে ইউরিয়া তৈরি হয় কোথায়?
(a) যকৃৎ (b) অগ্ন্যাশয় (c) মূত্রস্থলী (d) বৃক্ক
27. ভূমণ্ডলের প্রথম মডেল তৈরি করেন কে?
(a) আর্কিমিডিস (b) অ্যারিস্টটল (c) ক্রেটস (d) গ্যালিলিও
28. উজ্জয়িনী কোন নদীর তীরে অবস্থিত?
(a) দামোদর (b) নর্মদা (c) শোন (d) শিপ্রা
29. ভারতের কোন অঞ্চলে প্রথম বিপ্লবী কার্যকলাপ দেখা গিয়েছিল?
(a) বিহার (b) আসাম (c) বাংলা (d) দিল্লি
30. বঙ্গভঙ্গ রদ করা হয় কত সালে?
(a) 1905 সালে (b) 1907 সালে (c) 1909 সালে (d) 1911 সালে

**Direction (31 to 36)**: *Which part of a sentence has an error if there is no error answer is (d).*

31. Many a student (a)/have passed (b)/the I.I.T examination. (c)/No error (d)
32. He asked (a)/whether either of the brothers (b)/were at home. (c)/No error (d)
33. Americans are accustomed to (a)/drinking coffee(b)/with their meals. (c)/No error (d)
34. On the time (a)/of the opening ceremony of the theatre (b)/a large crowd had assembled. (c)/No error
35. It was me who was (a)/responsible for (b)/making all the arrangements for the successful completion of his studies. (c)/No error (d)
36. After the teacher had told the boys (a)/how to pronounce the word (b)/all of them in one voice repeated the word again. (c)/No error (d)

**Direction (37 to 41):** *Fill in the blanks with appropriate words.*

37. The court has absolved him _____ all the charges levelled against him.
(a) off (b) with (c) in (d) from
38. All civilised nations now believe in ___ treatment of prisoners.
(a) human (b) humane (c) humanitarian (d) humiliating
39. Irregular supply of electricity can _____ in wastage of electricity.
(a) cause (b) result (c) affect (d) effect
40. You are welcome to partake ____their light refreshment.
(a) in (b) for (c) at (d) of
41. His father introduced him at an ____ age to the game of cricket.
(a) inquisitive (b) insensible (c) impressive (d) impressionable
42. Identify the incorrect plural.
(a) Swine (b) Sheep (c) Species (d) Aircrafts

**Direction (43 to 44):** *Fill in the blanks with suitable preposition.*

43. Ram died ____ fatigue.
(a) of (b) from (c) for (d) in
44. Our plane stopped _____ Mumbai airport on the way to Italy.
(a) in (b) over (c) on (d) at
45. Fill in the gap correctly.
India won by an _____ and three _____
(a) innings, run (b) innings, runs (c) inning, run (d) inning runs

**Direction (46 to 51):** *Select the choice which give the meaning appropriately.*

46. One who is unable to pay debt.
(a) Indebted (b) Insolvent (c) Borrower (d) Indebted
47. A person who creates disorder in a state.
(a) Anarchist (b) Columnist (c) Rebel (d) Anarchist
48. One who talks in his sleep.
(a) Somniloquist (b) Somnivocalist (c) Somnambulist (d) Somnalesist
49. An order requiring a person to attend a court.
(a) Courtship (b) Agreement (c) Subpoena (d) Command
50. An imaginary name asumed an author for disguise.
(a) Facsimile (b) Surname (c) Alias (d) Pseudonym
51. Around about way for speaking.
(a) Loose-tongued (b) Loquacious (c) Circumlocution (d) Talkative

**Direction (52 to 55):** *Find the correctly spelt word.*

52. (a) Enterpreneur (b) Entrepranure (c) Enterpreneur (d) Enterpreneure
53. (a) Promiscuous (b) Promescuous (c) Promiscuos (d) Promiscous
54. (a) Onomatopoeia (b) Onomotopoei (c) Onomatopoia (d) Onamotipoci
55. (a) bureacracy (b) bereaucracy (c) bureaucracy (d) buereacracy

**Direction (56 to 58):** *Choose the word opposite in meaning.*

56. Diligent
(a) Shy (b) Lazy (c) Hardworking (d) Confident
57. Steadfast
(a) Staunch (b) Feeble (c) Faint (d) Wevering
58. As a writer, he is very conceited about his work.
(a) proud (b) honest (c) modest (d) matern

**Direction (59 and 60):** *Choose the word best expresses in meaning.*

59. Bourgeois
(a) Aristocratic (b) Animated (c) Lively (d) Ordinary
60. Jocund
(a) Filmsy (b) Cheerful (c) Cruel (d) Laughable
61. $\sec^4\theta - \sec^2\theta\tan^2\theta$-এর মান কত?
(a) $\operatorname{cosec}^2\theta$ (b) $\sec^2\theta$ (c) $\cot^2\theta$ (d) $\sec\theta\tan\theta$
62. যদি $3x + \left[\frac{1}{(5x)}\right] = 7$ তাহলে $\frac{5x}{(15x^2+15x+1)} = ?$
(a) $\frac{1}{5}$ (b) $\frac{1}{10}$ (c) $\frac{2}{5}$ (d)10
63. $\sqrt{427+\sqrt{181+\sqrt{?}}} = 21$
(a) 225 (b) 196 (c) 324 (d) 400
64. A -এর বর্তমান বয়স 52 বছর। 8 বছর পরে A ও B-এর বয়সের অনুপাত হল 4 : 5। তাহলে B-এর বর্তমান বয়স কত?

এরপর সাতের পাতায়

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. বিশুদ্ধ জলে লবণ যোগ করলে উহার স্ফুটনাঙ্ক হয়:
(a) বৃদ্ধি (b) হ্রাস (c) অপরিবর্তিত (d) কোনওটিই নয়
2. বিউটি পার্লারে চুল বিন্যস্ত করার জন্য ব্যবহার করা হয়:
(a) ক্লোরিন (b) সিলিকন (c) সালফার (d) কোনওটিই নয়
3. নীচের কোন বিষাক্ত রাসায়নিক মৌলটি জাপানে মিনামাটা রোগের কারণ হয়েছিল?
(a) ক্যাডমিয়াম (b) পারদ (c) আর্সেনিক (d) ইউরেনিয়াম
4. নিউট্রনের আবিষ্কর্তা হলেন:
(a) জে স্যাডউইক (b) জে জে থমসন (c) রাদারফোর্ড (d) নীলসবোর
5. সবচেয়ে নমনীয় ধাতুটি হল:
(a) প্লাটিনাম (b) রুপো (c) লোহা (d) সোনা
6. মানুষের শরীরে সুষুম্না স্নায়ুর সংখ্যা হল:
(a) 12 জোড়া (b) 31 জোড়া (c) 31টি (d) 12টি
7. মাটির তলার পরিবর্তিত কাণ্ডের উদাহরণ:
(a) গাজর (b) আলু (c) চিনাবাদাম (d) শালগম
8. নীচের কোনটি ভাইরাসঘটিত রোগ নয়?
(a) টিটেনাস (b) ইনফ্লুয়েঞ্জা (c) চিকেন পক্স (d) হাম
9. ছত্রাকের কোষ প্রাচীর অন্যান্য উদ্ভিদের তুলনায় পৃথক হয় কী থাকার জন্য?
(a) সেলুলোজ (b) কাইটিন (c) কোলেস্টেরল (d) গ্লাইকোজেন
10. নীচের কোন ভিটামিনের অভাবে জেরপথালমিয়া রোগটি হয়?
(a) ভিটামিন-E (b) ভিটামিন-C (c) ভিটামিন-B (d) ভিটামিন-A
11. হ্যালোফাইট জাতীয় উদ্ভিদ সাধারণত কোথায় জন্মায়?
(a) শুষ্ক মাটিতে (b) বেলে মাটিতে (c) লবণাক্ত মাটিতে (d) দোঁয়াশ মাটিতে
12. ক্লোরোফিলে কোন ধাতু উপস্থিত?
(a) লোহা (b) দস্তা (c) অ্যালুমিনিয়াম (d) ম্যাগনেশিয়াম
13. কোন পরিবর্তনটি মোমবাতির দহনে ঘটে?
(a) ভৌত পরিবর্তন (b) রাসায়নিক পরিবর্তন (c) ভৌত ও রাসায়নিক পরিবর্তন উভয়ই (d) কোনওটিই নয়
14. কোন অঙ্গে গ্লোমেরুলাস থাকে?
(a) নেফ্রিডিয়া (b) নেফ্রন (c) যকৃৎ (d) অগ্ন্যাশয়
15. আইসোটোপ নেই এরূপ একটি মৌল হল:
(a) সোডিয়াম (b) ইউরেনিয়াম (c) কার্বন (d) ক্লোরিন
16. অঙ্কোজিন কীসের জন্য দায়ী?
(a) এইডস (b) টাইফয়েড (c) ম্যালেরিয়া (d) ক্যান্সার
17. কোন স্তন্যপায়ী ডিম পাড়ে?
(a) তন্দা (b) একিডনা (c) টেরোপাস (d) লেমুর
18. মানুষের দশম করোটিয় স্নায়ু কোনটি?
(a) অপটিক স্নায়ু (b) অডিটর স্নায়ু (c) ভেগাস স্নায়ু (d) কোনওটিই নয়
19. কৃত্রিম উপগ্রহে বৈদ্যুতিক শক্তির উৎস কী?
(a) সৌর কোষ (b) ডায়নামো (c) থার্মোপাইল (d) অতিক্ষুদ্র পারমানবিক চুল্লি
20. ব্যারোমিটার যন্ত্রের আবিষ্কর্তা হলেন:
(a) ফোর্টিন (b) পাস্কাল (c) গ্যালিলিও (d) টরিসেলি
21. নীচের কোন রোগটি মশার কামড়ে হয় না?
(a) এনকেফেলাইটিস (b) ডেঙ্গু (c) ম্যালেরিয়া (d) বার্ডস ফ্লু
22. বৃক্ক থেকে নিঃসৃত প্রধান হরমোনটি হল:
(a) সিক্রেটিন (b) রেনিন (c) গ্যাসট্রিন (d) ভিলিকাইনিন
23. যে যন্ত্রে ফ্লেমিং-এর বামহস্ত নিয়ম প্রযোজ্য, সেটি হল:
(a) ডায়নামো (b) জেনারেটর (c) মোটর (d) কোনওটিই নয়
24. কোন প্রাণীটির ক্ষেত্রে অসম্পূর্ণ রূপান্তর দেখা যায়?
(a) মশা (b) প্রজাপতি (c) আরশোলা (d) মৌমাছি
25. মেসোজোয়িক যুগকে বলা হয়:
(a) স্তন্যপায়ীর যুগ (b) উভচরের যুগ (c) সরীসৃপের যুগ (d) পক্ষীর যুগ
26. ১ টাকার নোটে কার স্বাক্ষর থাকে?
(a) অর্থমন্ত্রী (b) RBI গভর্নর (c) অর্থসচিব (d) প্রধানমন্ত্রী
27. ছোটনাগপুর মালভূমির সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?
(a) পরেশনাথ (b) গুরুশিখর (c) মাকুতি (d) নবগ্রহ
28. কাকে রাসায়নিক দূত বলা হয়?
(a) ভিটামিন (b) হরমোন (c) সিরাম (d) উৎসেচক
29. কার্বন বেশি থাকে কোন কয়লায়?
(a) অ্যানথ্রাসাইট (b) লিগনাইট (c) পিট (d) বিটুমিনাস
30. চোল সাম্রাজ্যের রাজধানী কোনটি?
(a) কাঞ্চী (b) তাঞ্জোর (c) কল্যাণী (d) কোনওটিই নয়
31. দাভোল বিদ্যুৎ কেন্দ্রটি কোন রাজ্যে অবস্থিত?
(a) কর্নাটক (b) রাজস্থান (c) মহারাষ্ট্র (d) মধ্যপ্রদেশ
32. 'An Auto Biography' বইটি কার লেখা?
(a) জওহরলাল নেহরু (b) সর্বপল্লী রাধাকৃষ্ণান (c) মহাত্মা গান্ধী (d) ডঃ রাজেন্দ্র প্রসাদ
33. বিশ্বের প্রথম সংবাদপত্র চালু হয় কোন দেশে?
(a) জাপান (b) চিন (c) ইউ এস এ (d) ভারত
34. সংগীত নাটক অ্যাকাডেমি কত সালে প্রতিষ্ঠিত হয়?
(a) 1951 (b) 1953 (c) 1954 (d) 1955
35. লিওনেল মেসি কোন দেশের খেলোয়াড়?
(a) স্পেন (b) আর্জেন্টিনা (c) পর্তুগাল (d) জার্মানি
36. হ্যানয় কোন দেশের রাজধানী?
(a) পোর্তুগাল (b) স্পেন (c) আফ্রিকা (d) ভিয়েতনাম
37. 'তুঘলক নামা' গ্রন্থের রচয়িতা কে?
(a) আলবিরুনি (b) ইবন বতুতা (c) ফৌজি (d) আমির খসরু
38. হপম্যান কাপ কোন খেলার সঙ্গে সম্পর্কিত?

এরপর সাতের পাতায়

jobinagroup.com

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

রাজ্য পুলিশের মাধ্যমে

## আবগারি দপ্তরে পুরুষ ও মহিলা কনস্টেবল

### মেন পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

(a) 67 (b) 75 (c) 72 (d) 60

65. $(2.3+1.7)^2-(2.3-1.7)^2=?$

(a) 15.64 (b) 4.45 (c) 7.82 (d) 6.62

66. $\frac{33}{6-\sqrt{3}}=?$

(a) $6+\sqrt{3}$ (b) $6-\sqrt{3}$ (c) $12+\sqrt{3}$ (d) $12-\sqrt{3}$

67. একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 16 সেমি ও 30 সেমি। তাহলে ওই রম্বসটির পরিসীমা নির্ণয় করুন:

(a) 34 সেমি (b) 68 সেমি (c) 51 সেমি (d) 72 সেমি

68. $\sqrt{\frac{1-\sin A}{1+\sin A}}=?$

(a) tanA (b) secA (c) SecA tanA (d) secA + tanA

69. যদি $\frac{3}{5}P=\frac{7}{2}Q=\frac{7}{5}R$ হয় তাহলে P, Q, R-এর অনুপাত নির্ণয় করুন:

(a) 3 : 2 : 5 (b) 3 : 35 : 14 (c) 5 : 7 : 5 (d) 35 : 6 : 15

70. $\frac{1}{x^{(p-q)}+1}+\frac{1}{x^{(q-p)}+1}=?$

(a) 0 (b) 1 (c) $x^{p-q}$ (d) $x^{q-p}$

71. a% of b + b% of a = ?

(a) 2a% of b (b) 2a% of 2b (c) 2a% of 2a (d) 2b% of 2b

72. যদি $x^3+2x^2-5x+k$-কে $x+1$ দিয়ে ভাগ করা হয় তাহলে k-এর মান নির্ণয় করুন:

(a) – 6 (b) –1 (c) 0 (d) 6

73. A, B ও C-এর গড় ওজন 45 কিলোগ্রাম। যদি A ও B-এর গড় ওজন 45 কিলোগ্রাম এবং B ও C-এর গড় ওজন 43 কিলোগ্রাম। B-এর ওজন কত হবে?

(a) 17 কিলোগ্রাম (b) 20 কিলোগ্রাম (c) 26 কিলোগ্রাম (d) 31 কিলোগ্রাম

74. $3^4\times\sqrt{?}\div 9^{-2}=3^{11}$

(a) 729 (b) 144 (c) 36 (d) 81

75. কোনও স্কুলের ছাত্রসংখ্যা 10%, ছাত্রীসংখ্যার $\frac{1}{4}$-এর সমান। ছাত্র ও ছাত্রীসংখ্যার অনুপাত কত?

(a) 3 : 2 (b) 5 : 2 (c) 2 : 1 (d) 4 : 3

76. তিন ব্যক্তির বর্তমান বয়সের অনুপাত 4 : 7 : 9; আট বছর আগে ওদের বয়সে যোগফল ছিল 56; ওদের বর্তমান বয়স কত বছর?

(a) 20, 35, 45 (b) 8, 20, 28 (c) 16, 28, 36 (d) 20, 36, 46

77. লিটার প্রতি 12 টাকা দরের দুধের সঙ্গে কী অনুপাতে জল মেশালে মিশ্রিত দুধের দাম লিটার প্রতি 8 টাকা হবে?

(a) 1 : 2 (b) 2 : 1 (c) 2 : 3 (d) 3 : 2

78. একটি গাড়ি প্রতি t সেকেন্ডে 5.5 মিটার যায়। কিমি/ঘণ্টা এককে গাড়িটির বেগ:

(a) $\frac{18}{t}$ (b) $\frac{3}{10t}$ (c) $\frac{36}{t}$ (d) $\frac{3t}{10}$

79. একটি অযুগ্ম পূর্ণসংখ্যার বর্গ থেকে 1 বিয়োগ করা হল। বিয়োগফলটি সর্বদা সর্বোচ্চ যে পূর্ণসংখ্যা দিয়ে ভাগ করা যাবে তা হল:

(a) 2 (b) 4 (c) 6 (d) 8

80. $104^2+105^2+106^2$ যোগফলটির একক স্থানের অঙ্কটি হল:

(a) 5 (b) 7 (c) 3 (d) 2

**Direction (81 to 84):** সিরিজের শেষ সঠিক সংখ্যা/অক্ষর কোনটি?

81. AD, CE, EF, GG, ?

(a) II (b) IH (c) HI (d) IJ

82. AZ, DY, IX, PW, ?

(a) YY (b) YV (c) WV (d) VV

83. 7, 10, 14, 19, 25, ?

(a) 32 (b) 36 (c) 38 (d) 40

84. 1, 7, 3, 9, 6, 12, 10, 16, 15, ?

(a) 18 (b) 15 (c) 20 (d) 21

85. শূন্যস্থান পূর্ণ করুন:

| | |
|---|---|
| 3 | 6 |
| 72 | 18 |

| | |
|---|---|
| 5 | 10 |
| 120 | 30 |

| | |
|---|---|
| 7 | 14 |
| ? | 42 |

(a) 84 (b) 136 (c) 144 (d) 168

**Direction (86 to 88):** *নিম্নলিখিত শব্দটির অক্ষরগুলি দিয়ে কোন উত্তরটি তৈরি করা যাবে না?*

86. BOOKBINDING

(a) DINING (b) DIGGING (c) BONDING (d) DOING

87. PETROGADE

(a) READY (b) GRADE (c) TRADE (d) GREAT

88. PERFORMANCE

(a) FORM (b) ROMANCE (c) DIME (d) ROME

89. যদি '×' মানে '+', '÷' মানে '–', '+' মানে '÷', এবং '–' মানে '×' হলে, 78 – 13 + 6 × 7 ÷ 23-এর মান কত?

(a) 121 (b) 153 (c) 133 (d) –13

90. ? স্থানে কী বসবে?




(a) 72 (b) 76 (c) 75 (d) 74

#### উত্তর

1(a), 2(c), 3(d), 4(b), 5(c), 6(c), 7(a), 8(d), 9(c), 10(c), 11(b), 12(b),13(a), 14(b), 15(c), 16(c), 17(b), 18(d), 19(c), 20(a), 21(d), 22(d), 23(b), 24(a), 25(c), 26(d), 27(c), 28(d), 29(c), 30(d), 31(b), 32(c), 33(d), 34(a), 35(a), 36(c), 37(d), 38(b), 39(b), 40(d), 41(a), 42(d), 43(b), 44(d), 45(b), 46(b), 47(a), 48(a), 49(c), 50(d), 51(c), 52(c), 53(a), 53(a), 55(c), 56(b), 57(d), 58(c), 59(d), 60(b), 61(b), 62(b), 63(a), 64(a), 65(a), 66(a), 67(b), 68(c), 69(d), 70(b), 71(a), 72(a), 73(d), 74(a), 75(b), 76(c), 77(b), 78(a), 79(b), 80(b), 81(b), 82(b), 83(a), 84(d), 85(d), 86(b), 87(a), 88(c), 89(b), 90(b).

#### সমাধান

61(b): $\sec^4\theta-\sec^2\theta.\tan^2\theta=\sec^2\theta(\sec^2\theta-\tan^2\theta)=\sec^2\theta.1=\sec^2\theta$.

62(b): $3x+\frac{1}{5x}=7\Rightarrow 15x^2+1=35x$ ... (i)

$\frac{5x}{15x^2+15x+1}=\frac{5x}{15x^2+1+15x}=\frac{5x}{35x+15x}$ = (i) সমীকরণ থেকে পাই

$=\frac{5x}{50x}=\frac{1}{10}$.

63(a): $\sqrt{427+\sqrt{181+\sqrt{?}}}=21$

উভয়পক্ষকে বর্গ করিয়া পাই,

$427+\sqrt{181+\sqrt{?}}=21^2=441\Rightarrow\sqrt{181+\sqrt{?}}=441-427=14$

আবার বর্গ করিয়া পাই, $181+\sqrt{?}=14^2=196\Rightarrow\sqrt{?}=196-181=15$

$\therefore ?=15\times 15=225$.

64(a): ধরা যাক, B-এর বর্তমান বয়স = x বছর

প্রশ্নানুযায়ী, $\frac{4}{5}=\frac{52+8}{x+8}\Rightarrow 4x+32=60\times 5$

$\Rightarrow 4x=300-32=268\Rightarrow x=\frac{268}{4}=67$.

65(a): $(2.3+1.7)^2-(2.3-1.7)^2=(4)^2-(0.6)^2=16-0.36=15.64$

অথবা $(a+b)^2-(a-b)^2=4ab\Rightarrow(2.3+1.7)^2-(2.3-1.7)^2$


$=4\times 2.3\times 1.7=15.64$.

66(a): $\frac{33}{6-\sqrt{3}}=\frac{33(6+\sqrt{3})}{(6-\sqrt{3})(6+\sqrt{3})}=\frac{33(6+\sqrt{3})}{36-3}=\frac{(6+\sqrt{3})}{33}$

$=6+\sqrt{3}$.

67(b): AC = 16 cm; AO = OC = 8 cm

BD = 30 cm ∴ DO = OB = 15 cm




$\Delta AOB, \angle AOB=90°$

$\therefore AB=\sqrt{OA^2+OB^2}=\sqrt{8^2+15^2}$

$=\sqrt{64+225}=\sqrt{289}=17$সেমি।

অতএব, রম্বসের পরিসীমা ABCD = 4 × 17 = 68 সেমি।

68(c): $\sqrt{\frac{1-\sin A}{1+\sin A}}=\sqrt{\frac{(1-\sin A)(1-\sin A)}{(1+\sin A)(1-\sin A)}}=\sqrt{\frac{(1-\sin A)^2}{1-\sin^2 A}}$

$=\sqrt{\frac{(1-\sin A)^2}{\cos^2 A}}=\frac{1-\sin A}{\cos A}=\frac{1}{\cos A}-\frac{\sin A}{\cos A}=\sec A-\tan A$.

69(d): $\frac{3}{5}P=\frac{7}{2}Q=\frac{7}{5}R\Rightarrow\frac{P}{5/3}=\frac{Q}{2/7}=\frac{R}{5/7}$

$\Rightarrow P:Q:R=\frac{5}{2}:\frac{2}{7}:\frac{5}{7}=\left(\frac{5}{3}\times 21\right):\left(\frac{2}{7}\times 21\right):\left(\frac{5}{7}\times 21\right)$ [3, 7, 7-এর ল.সা.গু. = 21] = 35 : 6 : 15.

70(b): $\frac{1}{x^{(p-q)}+1}+\frac{1}{x^{(q-p)}+1}=\frac{1}{\frac{x^p}{x^q}+1}+\frac{1}{\frac{x^q}{x^p}+1}$

$=\frac{1}{\frac{x^p+x^q}{x^q}}+\frac{1}{\frac{x^q+x^p}{x^p}}=\frac{x^q}{x^p+x^q}+\frac{x^p}{x^q+x^p}=\frac{x^q+x^p}{x^p+x^q}=1$.

71(a): According to question, a% of b + b% of a $=\frac{ab}{100}+\frac{ab}{100}$

$=\frac{2ab}{100}=2a\%$ of b.

72(a): যদি p(x)-কে x + 1 দিয়ে ভাগ করা হয়, তাহলে $P(-1)=0$

$\therefore P(x)=x^3+2x^2-5x+k\Rightarrow p(-1)=0$

$\Rightarrow(-1)^3+2(-1)^2-5(-1)+k=0$

$\Rightarrow -1+2+5+k=0\Rightarrow k+6=0\Rightarrow k=-6$.

73(d): A + B + C = 45 × 3 = 135 কিলোগ্রাম ... (i)

A + B = 2 × 40 = 80 কিলোগ্রাম ... (ii)

B + C = 2 × 43 = 86 কিলোগ্রাম ... (iii)

প্রশ্নানুযায়ী (ii) + (iii) – (i)

B-এর ওজন = (86 + 80 – 135) কিলোগ্রাম = 31 কিলোগ্রাম।

74(a): $3^4\times\sqrt{?}\div(3^2)^{-2}=3^{11}\Rightarrow 3^4\times\sqrt{?}\div 3^{-4}=3^{11}$

$\Rightarrow 3^4\times\sqrt{?}\times\frac{1}{3^{-4}}=3^{11}\Rightarrow\sqrt{?}=3^{11}\times 3^{-4}\times 3^{-4}=3^3$

$\Rightarrow\sqrt{?}=27\Rightarrow ?=27\times 27=729$.

75(b): ধরা যাক, ছাত্রীসংখ্যা = x জন

ছাত্রসংখ্যা $=\frac{x}{4}\times\frac{100}{10}$ জন $=\frac{5x}{2}$ জন

ছাত্র : ছাত্রী $=\frac{5x}{2}:x=5x:2x=5:2$.

76(c): ধরা যাক, তিন ব্যক্তির বর্তমান বয়স যথাক্রমে 4x, 7x এবং 9x বছর

প্রশ্নানুযায়ী, $4x-8+7x-8+9x-8=56\Rightarrow 20x=56+24$

$\Rightarrow x=\frac{80}{20}=4$ ∴ তিন ব্যক্তির বর্তমান বয়স ⇒ 4 × 4 = 16 বছর

7 × 4 = 28 বছর; 9 × 4 = 36 বছর।

77(b): দুধ : জল = 8 : (12 – 8) = 8 : 4 = 2 : 1.

78(a): t সেকেন্ড যায় 5 মিটার

3600 সেকেন্ড যায় $\frac{5}{t}\times 3600$ মিটার $=\frac{5}{t}\times\frac{3600}{1000}$ কিমি

গতি $=\frac{18}{t}$ কিমি/ঘণ্টা।

79(b): $(2x+1)^2-1=4x^2+4x+1-1=4x^2+4x=4(x^2+x)$

অতএব, 4 দিয়ে ভাগ যাবে।

80(b): $104^2=...6$

$105^2=...6$

$106^2=...6$

যোগ = ...7

81(b): $A\xrightarrow{+2}C\xrightarrow{+2}E\xrightarrow{+2}G\xrightarrow{+2}I$

$D\xrightarrow{+1}E\xrightarrow{+1}F\xrightarrow{+1}G\xrightarrow{+1}H$

82(b): $A\xrightarrow{+3}D\xrightarrow{+5}I\xrightarrow{+7}P\xrightarrow{+9}Y$

$Z\xrightarrow{-1}Y\xrightarrow{-1}X\xrightarrow{-1}W\xrightarrow{-1}V$

83(a): 7 + 3 = 10, 10 + 4 = 14, 14 + 5 = 19, 19 + 6 = 25, 25 + 7 = 32

84(d): 1 + 2 = 3, 3 + 3 = 6, 6 + 4 = 10, 10 + 5 = 15

7 + 2 = 9, 9 + 3 = 12, 12 + 4 = 16, 16 + 5 = 21.

85(d): প্রথম চিত্রতে, 3 × 2 = 6, 3 × 6 = 18, 3 × 24 = 72

দ্বিতীয় চিত্রতে, 5 × 2 = 10, 5 × 6 = 30, 5 × 24 = 120

তৃতীয় চিত্রতে, 7 × 2 = 14, 7 × 6 = 42, 7 × 24 = 168.

87(a): এই শব্দটির মধ্যে 'Y' অক্ষর নেই।

তাই READY শব্দটি গঠন করা যাবে না।

88(c): এই শব্দটির মধ্যে 'D' এবং 'I' অক্ষর নেই।

তাই DIME শব্দটি গঠন করা যাবে না।

89(b): 78 – 13 + 6 × 7 ÷ 23 = ?

$\Rightarrow ?=78\times 13\div 6+7-23\Rightarrow ?=78\times\frac{13}{6}+7-23$

$\Rightarrow ?=13\times 13+7-23\Rightarrow ?=169+7-23\Rightarrow ?=176-23=153$.

90(b): 1 + 3 = 4, 4 + 7 = 11(3 + 4 = 7), 11 + 13 = 24 (7 + 6 = 13), 24 + 21 = 45 (13 + 8 = 21), 45 + 31 = 76 21 + 10 = 31).

প্রস্তুত করেছেন: সাগর রায়

## রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*ছয়ের পাতার পর*

(a) ফুটবল (b) টেনিস (c) ক্রিকেট (d) ব্যাডমিন্টন

39. Bull এবং Bear শব্দ দু'টি কোথায় ব্যবহৃত হয়?

(a) Banking (b) শেয়ার বাজার (c) শিল্পনীতি (d) ইনসিওরেন্স

40. সংবিধানের কোন পার্ট-এ একটি মাত্র আর্টিকেল আছে?

(a) X (b) XII (c) XX (d) XXII

41. সম্প্রতি রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া কত শতাংশ রেপোরেট নির্ধারিত করল?

(a) 6 শতাংশ (b) 5.25 শতাংশ (c) 6.50 শতাংশ (d) 6.25 শতাংশ

42. রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ডেপুটি গভর্নর হিসাবে নিযুক্ত হলেন:

(a) মুকেশ কুমার জৈন (b) ভি কে প্রসাদ (c) সুরেশ আম্বায়ালা (d) টি এন নিশাদ

43. উত্তর-পূর্ব ভারতের কোন রাজ্যে সর্বপ্রথম 'সোলার টয়লেট' চালু হল?

(a) সিকিম (b) মণিপুর (c) মেঘালয় (d) অরুণাচল প্রদেশ

44. হকি ইন্ডিয়ার প্রেসিডেন্ট নির্বাচিত হলেন:

(a) রাজেন্দ্র সিং (b) রাজেশ সিং (c) রাকেশ সিং (d) রমেশ সিং

45. হকি ইন্ডিয়া ভারতের পুরুষ দলের মুখ্য কোচ হিসাবে কাকে নিযুক্ত করেছে?

(a) নরেন্দ্র সিং (b) হরেন্দ্র সিং (c) মহেন্দ্র সিং (d) গুরজিৎ সিং

46. একজন লোক ঘণ্টায় 10 কিলোমিটার বেগে A থেকে B-তে গেল এবং ঘণ্টায় 6 কিমি বেগে B থেকে A তে ফিরল। এই ভ্রমণের জন্য লোকটির গড় গতির পরিমাণ (কিলোমিটার/ঘণ্টা) হল:

(a) 8 (b) 7 (c) 7.5 (d) 8.5

47. কোনও মূলধন সরল সুদের বাৎসরিক হারে বছরে 5182 টাকা এবং 3 বছরে 5832 টাকা হলে মূলধনের পরিমাণ কত?

(a) 2000 (b) 5900 (c) 3882 (d) 4500

48. একটি সংখ্যাকে 10% বৃদ্ধি করার পর সেটিকে 10% কমানো হলে সর্বমোট বৃদ্ধি বা হ্রাসের শতকরা হিসাব হল:

(a) 1% বৃদ্ধি (b) 1.5% হ্রাস (c) 1% হ্রাস (d) 1.5% বৃদ্ধি

#### উত্তর

1(a), 2(c), 3(b), 4(a), 5(d), 6(b), 7(b), 8(a), 9(b), 10(d), 11(c), 12(d), 13(c), 14(b), 15(a), 16(d), 17(b), 18(c), 19(a), 20(d), 21(d), 22(b), 23(a), 24(c), 25(c), 26(c), 27(a), 28(b), 29(a), 30(b), 31(c), 32(a), 33(b), 34(b), 35(b), 36(d), 37(d), 38(b), 39(b), 40(c), 41(d), 42(a), 43(b), 44(a), 45(b), 46(a), 47(c), 48(c).

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: অভিষেক রায়

jobindiagroup.com

## কী পড়বেন, কোথায় পড়বেন

### কগনিটিভ সায়েন্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



কগনিটিভ সায়েন্সের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে গান্ধিনগরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি। কোর্সের মেয়াদ ২ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ বি এ বা বি এসসি বা বি কম বা বি টেক। এম বি বি এস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

অনলাইন প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষা ২৭ ফেব্রুয়ারি। ইন্টারভিউ নেওয়া হবে ২৮ ফেব্রুয়ারি ও ১ মার্চ।

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iitgn.ac.in আবেদনের শেষ তারিখ ২০ জানুয়ারি।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।

## নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে একগুচ্ছ কোর্স

ইংলিশ ল্যাঙ্গুয়েজ টিচিং, পাবলিক রিলেশনস অ্যান্ড অ্যাডভার্টাইজিং এবং জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশনের অ্যাডভান্সড ডিপ্লোমা এবং লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়।

**শিক্ষাগত যোগ্যতা:** অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে যে-কোনও বিষয়ে স্নাতক। লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের ক্ষেত্রে অনার্স-সহ স্নাতক। অনার্স বিষয়ে অন্তত ৪৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। অথবা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ পাস গ্র্যাজুয়েট।

কোর্স ফি প্রথম বর্ষে অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ৪,০৭৫ টাকা এবং স্নাতক কোর্সের ক্ষেত্রে ৫,৪৭৫ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbnsou.ac.in আবেদনের শেষ তারিখ ২ জানুয়ারি। আবেদনের সময় আপলোড করতে হবে এইসব নথি: প্রার্থীর ফটো ও সই (জে পি জি ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতার নথিপত্র (৫০০ কেবি সাইজের মধ্যে), অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র (১০০ কেবি সাইজের মধ্যে)।

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১০ জানুয়ারি। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইনে ইন্ডিয়ান ব্যাঙ্কের চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার ২টি কাজের দিনের পর ওয়েবসাইট থেকে পেমেন্ট কনফার্মেশন রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### এইচ ডি এফ সি লিমিটেড বাড়তে কদম স্কলারশিপ ২০২১-২২

কোভিড-১৯ মহামারীতে পিতা-মাতা বা পরিবারের প্রধান উপার্জনকারী সদস্যের মৃত্যুর কারণে পড়াশোনা চালিয়ে যেতে অক্ষম ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে এইচ ডি এফ সি লিমিটেড। নবম শ্রেণি থেকে স্নাতক স্তর পর্যন্ত পাঠরতরা আবেদন করতে পারেন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ছয় লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ১ লাখ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/HTPF1 আবেদনের শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি।

### এস টি এফ সি ইন্ডিয়া মেরিটোরিয়াস স্কলারশিপ প্রোগ্রাম ২০২১

বাণিজ্যিক যান চালকদের ছেলেমেয়েদের স্কলারশিপ দেবে শ্রীরাম ট্রান্সপোর্ট ফিনান্স কোম্পানি। ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক বা স্নাতক কোর্স বা পলিটেকনিক বা আই টি আই বা ডিপ্লোমা কোর্সে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীরা আবেদন করতে পারেন। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৪ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** আই টি আই বা পলিটেকনিক বা ডিপ্লোমা কোর্সে পাঠরতরা পাবেন ১৫,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ ১ বছর। স্নাতক বা ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক কোর্সে পাঠরতরা পাবেন বছর প্রতি ৩৫,০০০ টাকা। স্কলারশিপের মেয়াদ সর্বাধিক ৪ বছর।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/SIMD4 আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## গ্র্যাজুয়েট যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার চাকরি

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কয়েক হাজার গ্র্যাজুয়েট তরুণ-তরুণী নেওয়া হবে। অফিসার, অ্যাসিস্ট্যান্ট, আপার ডিভিশন ক্লার্ক-সহ বিবিধ পদে নিয়োগ হবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০২১'-এর মাধ্যমে। পরীক্ষা ২০২২-এর এপ্রিলে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

এই পরীক্ষার মাধ্যমে সাধারণত নিয়োগ করা হয় কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ, অফিস ও ক্যাডারে গ্রুপ 'বি' ও 'সি' পদে (বন্ধনীতে দপ্তর): গ্রুপ 'বি'— অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (ইন্টেলিজেন্স ব্যুরো), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব রেলওয়ে), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (এয়ারফোর্স হেডকোয়ার্টার্স), বিবিধ মন্ত্রক, দপ্তর ও প্রতিষ্ঠানে অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার ও অ্যাসিস্ট্যান্ট/সুপারিন্টেন্ডেন্ট, ইনস্পেক্টর-সেন্ট্রাল এক্সাইজ (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), ইনস্পেক্টর-প্রিভেন্টিভ অফিসার (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), ইনস্পেক্টর-এক্সামিনার (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার (ডিরেক্টরেট অব এনফোর্সমেন্ট, রেভেনিউ), সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশন), ইনস্পেক্টর-পোস্টস (ডিপার্টমেন্ট অব পোস্টস), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), সাব-ইনস্পেক্টর (ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি), জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন)। গ্রুপ 'সি'— ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডিরেক্ট ট্যাক্সেস), অডিটর (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), অডিটর (কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স অ্যাকাউন্টসের অধীনস্থ অফিসে), অন্যান্য মন্ত্রক ও দপ্তরে অডিটর, অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), অ্যাকাউন্ট্যান্ট/জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট (অন্যান্য মন্ত্রক ও দপ্তরে), সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট/আপার ডিভিশন ক্লার্ক (সি এস সি এস ক্যাডার ব্যতীত কেন্দ্রীয় সরকারি বিবিধ মন্ত্রক ও অফিসে), ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস), ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), সাব ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স)।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssconline.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২৩ জানুয়ারি পর্যন্ত অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও সই আপলোড করতে হবে। অনলাইন দরখাস্তের সময় রেজিস্ট্রেশন আই ডি ও পাসওয়ার্ড পাওয়া যায়। এগুলি লিখে রাখবেন।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই খবর জানানো হল। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে খুঁটিনাটি তথ্য-সহ পূর্ণাঙ্গ খবর কর্মক্ষেত্র-য় প্রকাশিত হবে।

আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**BMRC HOSPITAL**

We are **hiring staff** for following Departments –
**Marketing, Pharmacy, Operation, Patient Service, Billing, Biomedical, Maintenance, HR, Reception, MRD, Kitchen, Laundry, IT, PA to MD & Nursing.**
Adequate Qualification with 2-5 Yrs experience is preferred.
Fresher with exceptional confidence may also be considered.
Mail your CV at **bmrchosp@gmail.com**

**SBI**
ভারতীয় স্টেট ব্যাঙ্ক
কেন্দ্রীয় নিয়োগ ও পদোন্নতি দপ্তর
কর্পোরেট সেন্টার, মুম্বাই
ফোন: 022-22820427; ইমেল: crpd@sbi.co.in

**সার্কেল ভিত্তিক অফিসারদের নিয়োগ**

ভারতীয় স্টেট ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার হিসাবে নিয়োগের জন্য যোগ্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে

**শূন্যপদের সংখ্যা: 1226**
**(ব্যাকলগ পদ সহ)**

যোগ্যতার মানদণ্ড (বয়স, যোগ্যতা, ইত্যাদি), প্রয়োজনীয় ফি এবং অন্যান্য বিবরণ, অনলাইনে আবেদন জমা দেওয়ার এবং অনলাইন ফি প্রদানের লিঙ্ক, ব্যাঙ্কের ওয়েবসাইটে পাওয়া যাবে **https://bank.sbi/careers** বিজ্ঞাপন সংখ্যা **CRPD/CBO/2021-22/19** প্রার্থীদের বিস্তারিত বিজ্ঞাপন মনোযোগ সহকারে পড়তে বলা হচ্ছে এবং আবেদন করার ও ফি পাঠানোর আগে তাদের যোগ্যতা এবং অন্যান্য বিবরনের বিষয়ে নিশ্চিত হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

- অনলাইন আবেদন এবং ফি প্রদানের তারিখ: **09.12.2021 থেকে 29.12.2021**

যেকোনো প্রশ্নের জন্য, অনুগ্রহ করে আমাদের ব্যাঙ্কের ওয়েবসাইটে উপলব্ধ এই লিঙ্ক **https://bank.sbi/careers**-এ গিয়ে "CONTACT US" —> "Post Your Query"-এ লিখে জানান।

স্থান: মুম্বাই
তারিখ: 09.12.2021
মহাপ্রবন্ধক


### ফ্যাশন টেকনোলজি ইনস্টিটিউটে

## ১৯০ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ১৯০ জনকে নেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি। এটি কেন্দ্রের বস্ত্রবয়ন মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 07//Assistant Professor/Contract/2021.

ক্যাটেগরি অনুসারে শূন্যপদ: সাধারণ ৭৭, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১৪, ও বি সি ৫৩, আর্থিক ভাবে অনগ্রসর ১৯। এর মধ্যে ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে অধ্যাপনা বা গবেষণা বা সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা সংশ্লিষ্ট বিষয়ে পি এইচ ডি করে থাকতে হবে, সঙ্গে অধ্যাপনা বা গবেষণা বা সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ৩১-১-২০২২ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৫৬,১০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগসুবিধা।

প্রাথমিক ভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কাজের দক্ষতা ও প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ বাড়ানো হতে পারে। সে ক্ষেত্রে ৫ বছর পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে স্থায়ী নিয়োগ পাওয়ার সম্ভাবনা আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nift.ac.in. দরখাস্তের শেষ তারিখ ৩১ জানুয়ারি।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউটে চাকরি

অ্যাসিস্ট্যান্ট লেকচারার-কাম-অ্যাসিস্ট্যান্ট ইনস্ট্রাক্টর ও লোয়ার ডিভিশন ক্লার্ক পদে ১২ জনকে নেবে ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশন।

শূন্যপদের বিবরণ: অ্যাসিস্ট্যান্ট লেকচারার-কাম-অ্যাসিস্ট্যান্ট ইনস্ট্রাক্টর: ৮টি। লোয়ার ডিভিশন ক্লার্ক: ৪টি।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.ihmkol.org.


PINNACCLE GROUP INITIATIVE

**ELITTE COLLEGE OF ENGINEERING**

B. TECH. COLLEGE @ SODEPUR, KOLKATA
APPROVED BY AICTE & AFFILIATED TO MAKAUT (WBUT)
Campus : P.O. - Karnamadhabpur, P.S. - Ghola (Sodepur), Kolkata - 700 113.
Website : www.petindia.org

**Applications are invited from Indian Nationals for the following Faculty Positions in Various Branches of Science (Mathematics & Biology) and Engineering (Mechanical / Electrical / Civil / Computer Sc. Engineering)**

1. **PROFESSOR** : PhD in relevant subject with minimum 10 years of experience in University/College teaching out of which at least 4 years as Associate Professor or equivalent.
2. **ASSOCIATE PROFESSOR** : PhD in relevant subject with minimum 6 years of experience in University/College teaching out of which at least 3 years as Assistant Professor or equivalent.
3. **ASSISTANT PROFESSOR** : Master Degree in relevant subject with minimum 2 years of experience in University/College teaching. For Civil Engineering, Knowledge of AutoCAD is essential.

Pay package as per norms. Retired persons below 65 years from industry and academia are also eligible. Candidate should post their RESUME with all Testimonials and Photo within 10 days at college address or e-mail us on career.elitte@petindia.org

**DELHI PUBLIC SCHOOL RAMPURHAT**

Vill & P.O- Swadhinpur, P.S- Rampurhat, Dist-Birbhum- 731224, W.B. (Under the aegis of The Delhi Public School Society, New Delhi)

**RECRUITMENT NOTICE**

1. **Pre-Primary** : English/Hindi/Bengali/EVS/Science. Montessori trained/TTC. Age: Not more than 30yrs. (2yrs experience)
2. **Primary** : English/Hindi/Bengali/EVS/Science. Graduate with B.Ed. 5yrs experience with Convent Background. Age: Not more than 35yrs.
3. **TGT (6-8)** : English/Hindi/Bengali/Mathematics/Physics/Chemistry/Biology/Computer Science/ Social Studies. Post Graduate with B.Ed. 7yrs experience with Convent Background. Age: Not more than 40yrs.
4. **Assistant Teacher** : Art/ Dance (Modern)/Vocal Music, Instrumental Music (Guitar,Piano,Violin,Tabla) Third Language–Sanskrit/German/French.
5. **Assistant Librarian /Science & Computer Lab. Assistants**: Graduates with special training in respective discipline. (2yrs experience)
6. **Special Educator** : Graduate with B.Ed (Special Education)/B.Ed (General) with 1yr Diploma in Special Education/ Any other equivalent qualification approved by RCI.
7. **School Counsellor** : Post graduate in Psychology with relevant qualification in counselling and minimum 7yrs of relevant experience.
8. **Coaches** : Athletics/Chess/Badminton/Cricket/Table Tennis/ Basketball/ Football/ Gymnastics/ Fitness Trainer/ Yoga/ P.T.
9. **System Executive & Assistant in EDP** : Minimum 5yrs of experience in a reputed organization (Qualification – BCA/MCA).
10. **Parents' Relationship Manager/Students' Relation Executive** : Graduate with Convent Background and excellent communication skills.
11. **Admission counsellor** : Female candidates within 30yrs of age. 2yrs experience in handling all processes related to admission including meeting parents, answering queries and counselling parents for admission.

Application comprising of comprehensive resume and a passport size photograph be sent to City Office: 8, Ganesh Chandra Avenue, Room no. 25, 4th Floor, Kol-13 or email to **careers@dpsrampurhat.org** within 7 days. More information please Visit to **www.dpsrampurhat.org**


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। **প্রধান সম্পাদক:** অমরেন্দ্র চক্রবর্তী **সম্পাদক:** মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in